আল আকসা রেষ্টুরেন্ট
প্রবাসে বাংলাদেশী খাবারের স্বাদ
আল আকসা পার্টিহল
পার্কচেষ্টারে বাঙ্গালী মালিকানায় সবচেয়ে বড় পার্টিহল ১০০-১৫০ জনের ধারণ ক্ষমতাসম্পন্ন
২১০৭ ষ্টার্লিং এভিনিউ, ব্রঙ্কস, নিউইয়র্ক-১০৪৬২
ফোন: ৭১৮-৯০৪-৭০৬১

শুভেচ্ছা

পবিত্র ইধুল ফিতর উপলক্ষ্যে বাংলা পত্রিকা'র সকল পাঠক, গ্রাহক, বিজ্ঞাপনদাতা ও শুভানুধ্যায়ীদের প্রতি রইল শুভেচ্ছা।

-সম্পাদক

২৮ বছরে

বাংলা পত্রিকা

The Weekly Bangla Patrika

বর্ষ ২৮ ॥ সংখ্যা ২৮ ॥ সোমবার ॥ চৈত্র ২৪ ॥ ১৪৩০ ॥ রমাদান ২৯ ॥ ১৪৪৫ ॥ Vol. 28 ॥ Issue 28 ॥ April 08 ॥ 2024 ॥ USA. FREE in NY, Other State $1

আলাদীন
Aladdin
২৯-০৬ ৩৬ এভিনিউ, এস্টোরিয়া, নিউইয়র্ক ১১১০৬
Tel: 718-784-2554

TiME television
টাইম টেলিভিশন দেখুন, বিজ্ঞাপন দিন
Tel: 718-753-0086

ওয়ান ইলেভেন নিয়ে ড. মোমেনের বিস্ফোরক মন্তব্য : ড. সিদ্দিকের নিন্দা ও প্রতিবাদ

যুক্তরাষ্ট্র আ. লীগে তোলপাড়



বিশেষ প্রতিনিধি: বাংলাদেশের ইতিহাসে ২০০৭ সালের বহুল আলোচিত ওয়ান ইলেভেনের সময় যুক্তরাষ্ট্র আওয়ামী লীগের সভাপতি ও সাধারণ সম্পাদক সহ সবাই শেখ হাসিনার বিরোধীতা করেছেন। এমন বিস্ফোরক মন্তব্য করে সাবেক পররাষ্ট্রমন্ত্রী ড. এ কে আব্দুল মোমেন এমপি বলেছেন সেসময় তিনি এবং তার পরিবারের লোকজন ছাড়া আর কেউ যুক্তরাষ্ট্রে শেখ হাসিনার পক্ষে কাজ করেনি। শনিবার (৬ এপ্রিল) আব্দুল মোমেনের এ বক্তব্য অনলাইনে ভাইরাল হওয়ার পর এ নিয়ে তীব্র প্রতিক্রিয়া ব্যক্ত করেছেন যুক্তরাষ্ট্র আওয়ামী লীগের নেতারা। তোলপাড় শুরু হয়েছে যুক্তরাষ্ট্র আওয়ামী লীগে। ড. মোমেনের বক্তব্যের প্রেক্ষিতে তীব্র প্রতিক্রিয়া ব্যক্ত করে যুক্তরাষ্ট্র আওয়ামী লীগের নেতৃবৃন্দ বলেছেন, ২০০৭ সালের ওয়ান ইলেভেনের সেনা সমর্থিত (বাকি অংশ ২৩পাতায়)



চাঁদ দেখা সাপেক্ষে ৯ অথবা ১০ এপ্রিল ঈদ

নিউইয়র্কে ঈদের জামাত কখন কোথায়

বাংলা পত্রিকা রিপোর্ট: পবিত্র শাওয়াল মাসের চাঁদ দেখা সাপেক্ষে আগামী ৯ অথবা ১০ এপ্রিল মঙ্গল অথবা বুধবার নিউইয়র্ক তথা উত্তর আমেরিকায় পবিত্র ঈদুল ফিতর পালিত হবে। এজন্য সর্বত্রই চলছে ঈদ পালনের প্রস্তুতি। বিশেষ করে বিভিন্ন মসজিদে একাধিক ঈদের জামাত অনুষ্ঠান ঘোষণা করা হয়েছে। জ্যামাইকা মুসলিম সেন্টারের উদ্যোগে ঈদের এবছর ঈদুল ফিতরের তিনটি জামাত অনুষ্ঠিত হবে সেন্টার (বাকি অংশ ০৭ পাতায়)

নিউইয়র্কের সেহরি ও ইফতার সময়

	সেহরি শেষ	ইফতার
২৯ রমাদান ৮ এপ্রিল	৫:০৪	৭:২৭
৩০ রমাদান ৯ এপ্রিল	৫:০৩	৭:২৮

বাংলাদেশের ইতিহাসে অনন্য রেকর্ড

সংবাদপত্রে ৬ দিন ছুটি ঘোষণা

ঢাকা ডেস্ক: বাংলাদেশে এবারের পবিত্র ঈদুল ফিতরে সংবাদপত্রে কর্মরত সাংবাদিক, কর্মকর্তা ও কর্মচারীদের রেকর্ড ৬ দিনের ছুটি ঘোষণা করা হয়েছে। শনিবার (৬ এপ্রিল) সংবাদপত্রের মালিকদের সংগঠন নিউজপেপার ওনার্স অ্যাসোসিয়েশন (বাকি অংশ ০৭ পাতায়)

নতুন নির্বাচনের দাবিতে ফের সোচ্চার হবে বিএনপি

বছর শেষে কাউন্সিলের চিন্তা

ঢাকা ডেস্ক: গত ৭ জানুয়ারীর নির্বাচনের পর পেরিয়ে গেছে তিন মাস। মামলা-হামলা-গ্রেফতারে জর্জরিত বিএনপি নির্বাচনোত্তর অনেকটাই নীরব সময় পার করছে। বলতে গেলে দলটি এখন দম নিচ্ছে। পরবর্তী কৌশল নির্ধারণ নিয়ে দলের অভ্যন্তরে আলোচনা চলছে। নেতাকর্মীদের আবার চাঙ্গা করতে নেয়া হয়েছে নানামুখী উদ্যোগ। রমজানজুড়ে ইফতার মাহফিল কর্মসূচির মধ্য দিয়ে সারা দেশে কারামুক্ত নেতাকর্মীদের সংবর্ধনা দেয়া হয়েছে। পাশাপাশি আন্দোলনে ক্ষতিগ্রস্ত পরিবারগুলোর পাশেও দাঁড়িয়েছে দলটি। জানা গেছে, পবিত্র ঈদুল ফিতরের পর নতুন নির্বাচনের দাবিতে আবার মাঠের কর্মসূচিতে সক্রিয় হবে বিএনপি। যুগপৎ আন্দোলনের শরিকদের সাথে আলোচনা করে নতুন কর্মসূচি দেয়া হবে। একই সাথে চলতি বছর (বাকি অংশ ১৩ পাতায়)



পবিত্র শবেকদর পালিত

মসজিদগুলোতে উপচেপড়া ভীড়

বাংলা পত্রিকা ডেস্ক: যথাযোগ্য ধর্মীয় মর্যাদা ও ভাবগম্ভীর পরিবেশে দেশ ও প্রবাসে পবিত্র শবেকদর পালিত হয়েছে। মহান আল্লাহর নৈকট্য ও রহমত লাভের আশায় ধর্মপ্রাণ মুসলমানরা শুক্রবার (এপ্রিল) দিনগত রাতভর ইবাদত বন্দেগির মাধ্যমে এ মহিমান্বিত রাতটি পালন করেন। ইবাদত বন্দেগির মধ্যে নফল নামাজ, (বাকি অংশ ২৩ পাতায়)

ভারতীয় নারী ৯৯ বছর বয়সে যুক্তরাষ্ট্রের নাগরিকত্ব পেলেন!

বাংলা পত্রিকা ডেস্ক: বয়স কেবলই সংখ্যা। এই কথাটি যেন আবারও প্রমাণ করলেন এক ভারতীয় নারী। ৯৯ বছরে এসে যুক্তরাষ্ট্রের নাগরিকত্ব পেয়েছেন তিনি। তার নাম দাইবাই। (বাকি অংশ ২৩ পাতায়)

পাহাড়ে কেএনএফের তৎপরতা

পৃথক পূর্বাঞ্চলীয় রাষ্ট্র গঠনের পরিকল্পনা!

নাগাল্যান্ড, মণিপুর, মিজোরামসহ ইস্টার্ন স্টেট গঠনের প্রচেষ্টা দীর্ঘদিনের-স্বরাষ্ট্রমন্ত্রী

মাসুদ করিম: অশান্ত হয়ে উঠেছে পাহাড়। কুকি-চিন ন্যাশনাল ফ্রন্ট (কেএনএফ) নামের একটি সশস্ত্র গোষ্ঠীর তৎপরতায় সবাই বিস্মিত। সরকারের তরফে বলা হচ্ছে, এ তৎপরতার (বাকি অংশ ২৫ পাতায়)

বাইডেনের আহ্বান উপেক্ষা : নেতানিয়াহুর দাবী

বিজয় থেকে মাত্র এক ধাপ দূরে, কোনো যুদ্ধবিরতি নয়

বাংলা পত্রিকা ডেস্ক: গাজা যুদ্ধে জয় থেকে মাত্র এক ধাপ দূরে ইসরায়েল। তাই হামাস যতক্ষণ না সব জিম্মিকে মুক্তি না দিচ্ছে ততক্ষণ পর্যন্ত কোনো যুদ্ধ বিরত নয়। রোববার (৭ এপ্রিল) এ কথা বলেছেন ইসরায়েলের প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহু। গত ৭ অক্টোবর থেকে শুরু হওয়া যুদ্ধের ছয় মাস পূর্তি উপলক্ষে মন্ত্রিসভার বৈঠকে এসব কথা বলেন নেতানিয়াহু। নেতানিয়াহু বলেন, আমরা বিজয়য় (বাকি অংশ ২৩ পাতায়)

রিয়েল এস্টেট ইনভেস্টমেন্ট
প্রাইভেট অকশনের বাড়ি
পাবলিক অকশনের বাড়ি
ব্যাংক মালিকানা বাড়ি
শর্ট-সেল ও REO-প্রপার্টি
কল করুনঃ
৫১৬-৪৫১-৩৭৪৮
Eastern Investment
150 Great Neck Road, Oreat Neck, NY 11021
nurulazim67@gmail.com
Nurul Azim

APOLLO INSURANCE BROKERAGE INC.
WE DO TLC INSURANCE
EXIT LUXURY INC.
Shamsher Ali
President & CEO
29-10 36th Ave., Astoria, NY 11106
Tel: 718-472-9800, Fax: 718-472-9801
e-mail: apollobrokerageinc@gmail.com
exitluxuryinc@gmail.com

CORE CREDIT REPAIR
ক্রেডিট লাইন নিয়ে সমস্যায় পড়েছেন?
TAX Liens Charge-Offs Inquiries Collections
Garnishment Bankruptcy Late Payments
Call us 646-775-7008
www.cmacreditsolutions.com
Mohammad A Kashem
Credit Consultant

বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট
BANGLA TRAVELS
JACKSON HEIGHTS NEW YORK
আমরা বিভিন্ন এয়ারলাইন্সের স্টক হোল্ডার
7305 37th ROAD, JACKSON HEIGHTS, NY 11372
সুপার সেল $৫৪৯+
917-396-4140, 917-592-7828
MOHAMMAD B HOSSAIN (BELAL) President & CEO

AMIN PHARMACY
29-03. 36th Ave. Astoria, NY 11106
Tel: (718) 786-6611, Fax: (718) 786-6613
Contact: Pharmacist Dr. Monsur Chowdhury

AHAD&CO
CERTIFIED PUBLIC ACCOUNTANTS
সারা বছর জুড়ে একাউন্টিং সার্ভিসেস
ক্যাজিগত এবং বিজনেস ট্যাক্স ফাইলিং
আইআরএস এবং স্টেট অডিট সমাধান
পে-রোল এবং বুককিপিং
আপনার ট্যাক্স ফাইল একজন সিপিএ দিয়ে করুন
আহাদা আলী, সিপিএ
Tel: 929-371-9915 : info@ahadandco.com
2153 Westchester Ave. Suite 200, Bronbx, NY 10462
47-01 Vandam Street Long Island City, NY 11101

সব ধরনের Insurance!
Over 20 Years of Experience
Auto, Home, Business, Worker's Compensation & Disability
DDC 6hr 10% Discount & 4 Point Reduction
718-626-0733
718-626-2321
crescentinsurance@gmail.com
Crescent Insurance Brokerage Inc.
37-11 74th Street # 2 Floor, Jackson Heights, NY 11372
KABIR CHOWDHURY

www.banglapatrikausa.com

Tax & Consulting Services

for Individual and Businesses

Southeast USA Group Inc.

OUR SERVICES

- Tax Preparation & Planning
- Audits, Reviews, Compilations
- Bookkeeping/Write-Up
- Business Consulting
- IRS Representation
- Notary Public
- Payroll Services
- Retirement Planning
- Sales Tax Services



(917) 566-1612

Southeast USA Group Inc

Prof. Ehteshamul Haque

Financial & Business Planning

74-09 37th Avenue, Suite #206, Jackson Heights, NY 11372

Visit: www.southeastusagroup.com

EID MUBARAK

EID MUBARAK

American Muslim Center

TAHERA AL-QURAN ACADEMY

89-14, 150 St, Jamaica, NY 11435 929-361-0609, 917-204-3570, 929-204-8448, 347-575-1110

amcusa150@gmail.com www.amcdawa.org facebook.com/americanmuslimcenterofficial

EID-UL-FITR JAMAT

9/10 April 2024, Tue/Wednesday

1st Jamat	7:00AM	AMC Masjid
2nd Jamat	8:00AM	AMC Masjid
3rd Jamat	9:00AM	AMC Masjid
4th Jamat	10:00AM	Rufus King Park (In front of Masjid)
5th Jamat	11:00AM	Rufus King Park (In front of Masjid)

INCASE OF RAIN OR COLD ALL EID JAMATS WILL BE HELD IN MASJID

Please donate generously to pay off Qard-E-Hasan for the purchasing of the AMC Masjid building.

Zelle amcusa150@gmail.com

paypal.me/AMERICANMUSLIMCENTER

WE PROVIDE MUSLIM NIKAH REGISTRATION SERVICE

Courtesy by:

MHC MARKS HOME CARE

ENGINEER MAHFUZUL HAQUE
MS in Telecom (Pace University, NY). US Coast Guard Licensed Captain
Phone: 646-591-6782

QSADCC QUEENS SOCIAL ADULT DAY CARE CENTER INC.

In The Name Of Allah (STW) Most Gracious The Most Merciful

ISLAMIC COUNCIL OF AMERICA INC

MADINA MASJID

401 East 11th Street (Corner of 1st Avenue), New York, NY 10009
Tel: 212-5333-5060, 470-772-8323, 917-312-8322,917-651-8803

Eid Mubarak

Islamic Council of America Inc (Madina Masjid)
invites you and your families to join the **Eid-ul-Fitr Jamat**
(only one Jamat) at **Open Road Park** (Next to Madina Masjid)
on East 11TH St, between 1st Avenue & Avenue A, Manhattan.

Date: Wednesday, April 10, 2024
Time: 9:00 AM (Only one Jamaat)

P. S. **Date may be changed subject to moon sighting.**
We have arrangement for sisters in the Eid Jamat.
Please bring salat rugs with you.

Zakatul Fithr: $10.00 per person
Madina Masjid is Collecting Zakatul Fithr for needy people.

In case of RAIN, 2 Jamats will be held in MADINA MASJID
*** 1st JAMAT at 09:30 am**
*** 2nd JAMAT at 10:15 am**

Executive Committee
Islamic Council of America Inc.
Madina Masjid.

কামালভাইকে যেমন দেখেছি

॥ আহবাব চৌধুরী খোকন ॥

গত ৫ই এপ্রিল ছিল বাংলাদেশ সোসাইটি , নিউইয়র্ক ইনক এর নির্বাচিত সভাপতি কমিউ নিটির সর্বজন শ্রদ্ধেয় ব্যক্তিত্ব মরহুম কামাল আহমেদের চতুর্থ মৃত্যু বার্ষিকি ।বছর চারেক আগে বৈশ্বিক মহামারী করোনায় অসুস্থ হয়ে আমাদের নিকট থেকে বিদায় নেন কামালভাই । দীর্ঘ দিন যাবৎ উত্তর আমেরিকায় বাংলাদেশি কমিউনিটিকে সুখে দুঃখে আগলে রেখেছিলেন তিনি ।দল মত নির্বিশেষে সবার নিকট হয়ে উটে ছিলেন প্রিয় কামালভাই ।দেশের বাড়ী সিলেট জেলার বিয়ানীবাজার উপজেলায় । তিনি ঢাকা কৃষি কলেজ থেকে কৃষি বিষয়ে ডিপোমা ডিগ্রী সম্পন্ন করে যোগ দিয়েছিলেন সরকারী চাকুরীতে । কিন্তু চাকুরীর গতবাধা জীবন ভালো লাগেনি তাঁর । তাই সরকারী চাকুরী ত্যাগ করে ১৯৭৭ সালে নোঙ্গর ফেলেন আটলান্টিক তীরের নগরী নিউইয়র্ক । তার পর সাড়ে চার দশকেরও বেশী সময় বহুমুখী কর্মকান্ডের মাধ্যমে কমিউনিটিতে একটি বিশেষ স্থান করে নিতে সক্ষন হয়েছিলেন ।ব্যক্তি জীবনে প্রচুর অর্থ উপার্জন করলেও কখনো নিজের জন্য কিছু করতে দেখিনি ।আমৃত্যু ভাড়া ঘরে থেকে জীবন অতিবাহিত করলেও কারো বিপদাপদে সর্বাগ্রে এগিয়ে আসতেন ।উপার্জনের বেশীর ভাগ অর্থ ব্যয় করছেন সমাজ বিনির্মাণে ।এই বহিঃবিশ্বে বাংলাদেশি সংস্কৃতির বিকাশ ও কমিউনিটির উন্নয়ন ছিল তাঁর স্বপ্ন । এই স্বপ্ন বাস্তবায়নে বিয়ানীবাজার সমিতি ,লীগ অব আমেরিকা জালালাবাদ এসোসিয়েশন ও বাংলাদেশ সোসাইটি ,বাংলাদেশ স্পোর্টস কাউন্সিল যখন যে সংগঠনে সময় দেওয়া দরকার কিংবা যখন যে দায়িত্ব পালন করতে বলা হয়েছে তা পালনে কখনো কুন্ঠিত হননি ।

মানবতাবাদী ও পরোপকারী কামাল আহমদ ছিলেন আমার দীর্ঘ সময়ের একজন ভালো শুভাকাংকি ।প্রতি সপ্তাহে উনার সাথে যেমন দেখা হতো তেমনি ফোনে কথা হত প্রায় প্রতিদিন ।যতটুকু মনে পড়ে মৃত্যুর দিন দশেক আগে (২০২০ সালের ২৫শে মার্চ) উনার সাথে আমার শেষ কথা হয়েছিল ।করোনা ভাইরাস তখন সর্বত্র ঝেঁকে বসেছে । নিউইয়র্ক জুড়ে কার্ফ্যু চলছে । পুরো নগরী পরিনত হয়েছে মৃত্যু পুরিতে কমিউনিটির প্রিয়মুখ ময়নুজ্জামান চৌধুরী, সৈয়দ ইলিয়াস খছরু, আব্দুল হাসিম হাসনু ,গিয়াস উদ্দিন , সৈয়দ আল ওয়াহিদ নাজিম ,শাহ বদরুজ্জামান রুহেলসহ চারিদিকে পরিচিতজন অনেক তখন অসুস্থ । ভয়ে শ্বাসরুদ্ধকর একটি সময় অতিক্রম করছি তখন । এমনি সময় উনার ভগ্নিপতি জনাব ফারুক চৌধুরীর নিকট থেকে শুনলাম কামাল ভাই অসুস্থ । খবরটি শুনে মনটা খারাপ হয়ে গেলো ।ফোনে যোগাযোগ করার চেষ্টা করি ।এক রিং হতেই ফোন ধরেছেন ।কামালভাই কেমন আছেন জিজ্ঞেস করতেই ভাঙ্গা কণ্ঠে উত্তর ,"আমি ভালো আছি ।তবে একটু কাশি ও শ্বাসকষ্টে ভূগছি ।তোমার ভাবী বেশী অসুস্থ ।উনার জন্য দোয়া কর ।ভাবছি না কমলে উনাকে হাস-পাতালে পাঠিয়ে দেবো ।সাবধানে থেকো এবং যদি দেখা না হয় ক্ষমা করে দিও ।" কামালভাই সেদিন আমার সাথে ফোনালাপে হাসপাতালে চিকিৎসাধীন খছরু ভাইয়ের খবর জানতে চেয়েছিলেন ।সাথে একটি দায়িত্ব ও দিলেন । বললেন করোনা আক্রান্ত মানুষের জন্য বাংলাদেশ সোসাইটির পক্ষ থেকে ১০০০ প্যাকেট গ্রোসারী সামগ্রী তৈরী করে রাখা আছে ।সাদিভাইকে বলেছেন ব্রঙ্কসে ২৫০ প্যাকেট পাঠাতে । আমি যেন বিলি বণ্টনে একটু সহযোগিতা করি ।তারপর থেকে আমি ফোনে আর তাঁকে পাইনি । তবে ফারুক ভাই ও সাদিভাইয়ের মাধ্যমে নিয়মিত খবর রেখেছি । তখন থেকে উনার শরীর ক্রমেই খারাপ হতে থাকে । ভাবীকে লংআইল্যান্ড হাস-পাতালে পাঠিয়ে ২৮শে মার্চ নিজে এম্বুলেন্স ডেকে তিনি এলমাষ্ট হাসপাতালে গেলেন ।আমরা খুব উদ্বেগ উৎকণ্ঠায় কাটাচ্ছিলাম । পরীক্ষায় ধরা পড়ে কোভিড ১৯ পজেটিভ ।তারপর ৫ই এপ্রিল দিবাগত রাত ৪ ঘটিকায় সবাইকে কাদিয়ে না ফেরার দেশে পাড়ি জমান ।উনার বিদেহী আত্মার মাগফেরাত কামনায় বাকা ও জালালাবাদ এসোসিয়শন সহ বিভিন্ন সংগঠন তাৎক্ষনিক ভার্চুয়েল দোয়া মাহফিলের আয়োজন করলেও আমরা এতোটা ভাগ্যাহত যে করোনা ভাইরাসের বিধি নিষেধের কারণে প্রিয় এই মানুষটির বিদায় বেলা কবরে দুমোটো মাটি দেওয়ার ও সুযোগ পাইনি । উনার জন্য হয়েছিলো বুধকরি কেবল দেওয়ার জন্য ।শুধু দিয়েই গেলেন । যাওয়ার সময় কাউকে একটু ঋন পরিশোধের ও সুযোগ দিলেন না ।





কামালভাই ভালো একজন মানুষ ছিলেন । তাকে ঘিরে পুরো থ্রাই স্টেটে একটি শক্তিশালী গ্রুপ গড়ে উটেছিলো ।তিনি ছিলেন এই গ্রুপের মধ্যমনি ।মানুষের বিপদাপদে তিনি নিরন্তর কাজ করে গেছেন । ।উনার সাথে কাজ করার অনেক স্মৃতি আমার রয়েছে । তিনি প্রথম বার যখন বাংলাদেশ সোসাইটির সভাপতি নির্বাচিত হন আমি ও তাঁর সাথে একই কমিটিতে ছিলাম ।তখন দেখেছি সোসাইটিকে শক্তিশালী করতে তাঁর উদ্যোগ ।তিনি বাংলাদেশি সংস্কৃতির বিকাশে সোসাইটি প্রথম বৈঠকে বারো মাসে তেরটি অনুষ্ঠান করার প্রস্তাব করেছিলেন ।সোসাইটি ভবনে নিজ হাতে গঠন করেছিলেন একটি লাইব্রেরী ।প্রতিষ্টা করেছিলেন কম্পিউটার ও বাংলা স্কুল ।তিনি চেয়েছিলেন বাংলা স্কুল চালু হলে আমাদের নতুন প্রজন্ম যেমনি বাংলা ভাষা পড়া ও লেখা শেখার সুযোগ পাবে তেমনি নতুন অভিভাসী কম্পিউটার শিখে নিজের কর্মসংস্থান সৃষ্টি করতে পারবে ।বাংলাদেশ থেকে যুক্তরাষ্ট্র আসতে তিনি যেমন প্রচুর লোককে স্পন্সর করেছেন তেমনি দেশ থেকে নতুন আসা লোক দের কর্মসংস্থান ও আবাসন সমস্যা সমাধানে সহযোগিতা করতেন ।কারো অসুস্থতা কিংবা মৃত্যু সংবাদ শুনলে সর্বাগ্রে এগিয়ে যেতেন ।ব্যক্তিগত জীবনে তিনি খুবই ধার্মিক ছিলেন ।দেশে নিজ এলাকায় যেমনি প্রচুর মসজিদ ও স্কুল স্থাপনে সহযোগিতা করেছেন তেমনি এই যুক্তরাষ্ট্রে এমন কোন মসজিদ নেই যেখানে কামাল আহমেদ আর্থিক সহযোগিতা করেননি । তিনি ছিলেন এলমাষ্ট মসজিদ ও ইসলামিক সেন্টারের সভাপতি ও একজন অন্যতম প্রতিষ্টাতা । রমজান মাসে বিভিন্ন জায়গায় যেমন ইফতার মাহফিলের আয়োজন করতেন তেমন হিন্দু ধর্মাবলম্বীদের পুজা পার্বনে মিষ্টি পাঠিয়ে মহৎ হৃদয়ের পরিচয় দিয়েছেন ।মৃত্যুর আগে তিনি করোনায় মৃত্যু বরণকারী সকল বাংলাদেশিকে বিনা মূল্যে সোসাইটি কবর স্থানে দাফন কবার সিদ্ধান্ত দিয়ে গিয়েছিলেন ।সোসাইটি সভাপতি হিসাবে এটাই ছিল তাঁর শেষ দায়িত্ব ।দেখেছি দেশে অসচ্ছল মানুষের একটি দীর্ঘ তালিকা তাঁর নিকট সব সময় থাকতো ।যাঁদেরকে তিনি প্রতি মাসে অর্থ পাঠিয়ে সহযোগিতা করতেন ।নিউইয়র্কে এমন কোন সংগঠন নেই যে তিনি আর্থিক সহযোগিতা করেননি ।আমাদের বাংলাদেশি আমেরিকান কালচারাল এসোসিয়েশনের প্রতিষ্টালগ্ন থেকে তিনি আমাদেরকে সার্বিক ভাবে সহযোগীতা করেছেন ।কামালভাই ছিলেন নিউইয়র্কে বাংলাদেশি মানুষের নিকট মানবতার এক ফেরিওয়ালা ।ফেরিওয়ালা যেমনি পণ্য সামগ্রী ফেরি করে বেড়ায় তেমনি তিনি নিউইয়র্কে বাংলাদেশি কমিউনিটির অসহায় ও বিপদগ্রস্থ মানুষের সাহিয্যার্থে সেবা ও মানবিকতা ফেরি করে বেড়াতেন ।উনার অকাল মৃত্যুতে আমাদের বাংলাদেশি কমিউনিটিতে যে শূণ্যতার সৃষ্টি হয়েছে কখনো তা পূরণ হবার নয় । দোয়া করি আলাহ তাঁকে জান্নাতবাসী করুন ।

লেখক - কলাম লেখক ও কমিউনিটি নেতা, নিউইয়র্ক ।





কুলাউড়ার ভাটেরায় নিরবে-নিভৃতে কাজ করে চলেছেন আজাদুর রহমান

প্রতিনিধি: মৌলবীবাজার জেলার কুলা-উড়া উপজেলার ৩ নং ভাটেরা ইউনিয়নের 'ভাটেরা শাহী ঈদগাহ'। প্রতি বছর দুই ঈদে হাজার হাজার মুসলিম এই ঈদ গাহে নামাজ আদায় করে থাকেন । এই ঈদগাহ'র পাশেই বিশাল কবরস্থান । আনমানিক ১০/১২ একর জায়গা নিয়ে গড়ে উঠা এই কবরস্থান রক্ষনাবেক্ষণের জন্য বিশেষ উদ্যোগ নেয়া হয়েছে ।



সেই উদ্যোগের অংশ হিসেবে নিরবে-নিভৃতে কাজ করে চলেছেন স্থানীয় ব্যবসায়ী আজাদুর রহমান । তিনি দীর্ঘদিন প্রবাসী ছিলেন । তার পিতার নাম মরহুম হাজী আরব আলী (চেয়ারম্যান) আর মাতার নাম আগুরা বেগম চৌধুরী । তারা তিন ভাই, তিন বোন । তাদের আদি পূরুষের বাড়ী বি-য়ানীবাজারের কাকড়দি গ্রামে । সেখান থেকে ব্যবসায়িক কারনে পার্শ্ববর্তী দেশ ভারতের ধর্মনগরে চলে যান । পরবর্তীতে তারা ভাটেরা ফিরে আসেন ।

জনগণের স্বার্থে বিপুল অর্থ ব্যয় করে কবরস্থানের সম্পূর্ণ মোকামের সীমানা প্রাচীর নির্মাণ করে দিচ্ছেন আজাদুর রহমান । তার সাথে সহযোগিতা করছেন বড় ভাই সায়াদুর রহমান এবং তার ছোট ভাই সাহাজাদুর রহমান ও পরিবার বর্গ । তাদের এই মহতি কাজের জন্য মোকাম পরিচালনা কমিটি ও মুসল্লিয়ানের পক্ষ থেকে তাদের পরিবারের প্রতি আন্তরিক কৃতজ্ঞতা ও মোবারকবাদ জানিয়েছেন ।

জানা যায়, আজাদুর রহমান স্থানীয় মসজিদ, মাদ্রাসা নির্মাণ ও এতিমখানা প্রতিষ্ঠায় আর্থিক সহযোগিতা দিয়ে নিরবে কাজ করে চলেছেন । প্রচার বিমুখ এই ব্যক্তি এখন এলাকায় নিভৃতচারী দানশীল ব্যক্তিতে পরিণত হয়েছেন বলে এলাকাবাসী জানান ।

উল্লেখ্য, আজাদুর রহমান ব্যক্তি জীবনে দুই ছেলে ও দুই মেয়ের জনক । তার দুই ছেলে ফ্রান্স প্রবাসী আর এক মেয়ে লন্ডন প্রবাসী ।

বাংলা পত্রিকা
The Weekly Bangla Patrika
Editor : **Abu Taher**
Tel: 718-482-9923, 718-482-1169
Fax: 718-482-9935

সম্পাদকীয়

পবিত্র ঈদুল ফিতর

আরবী ক্যালেন্ডারের হিসেবে শাওয়াল মাসের চাঁদ দেখা সাপেক্ষ্যে আগামী ৯ অথবা ১০ এপ্রিল নিউইয়র্ক সহ উত্তর আমেরিকায় পবিত্র ঈদুল ফিতর পালিত হবে। মুসলমানদের প্রধান ধর্মীয় উৎসব পবিত্র ঈদুল ফিতর। মুসলমানদের পরম আনন্দের এ দিনটি ধর্মের গন্ডি পেরিয়ে ছড়িয়ে পড়ে পৃথিবীর সর্বস্তরের সব মানুষের মাঝে, ঈদ পরিণত হয় বিশ্বজনীন এক উৎসবে। বাংলাদেশেরও সবচেয়ে বড় উৎসবের একটি পবিত্র ঈদুল ফিতর। ধর্ম-বর্ণনির্বিশেষে সব সম্প্রদায়ের মানুষের স্বতঃস্ফূর্ত উদ্‌যাপন দিনটিকে সর্বজনীন উৎসবে পরিণত করে এবং সমতা, মানবিকতা, সহানুভূতি, সম্প্রীতি ও সহাবস্থানের অমোঘ বার্তা ছড়িয়ে দেয়।

ঈদ অর্থ আনন্দ, উৎসব ও ফিরে আসা। ফিতর শব্দের অর্থ রোজা ভাঙা, হালকা নাশতা করা। দীর্ঘ এক মাস সিয়াম সাধনার পর মুসলমানদের জীবনে এ আনন্দ-উৎসব প্রতিবছর ফিরে আসে বলেই একে ঈদুল ফিতর বলা হয়। এই দিনে মুসলমানরা নতুন জামা-কাপড় পরে সকালেই ঈদগাহে গিয়ে নামাজ আদায় করেন এবং আল্লাহর কাছে রমজানের সব আমল কবুলের আরজি পেশ করেন। মানুষের সঙ্গে কুশলবিনিময়, সালাম-মুসাফাহা-কোলাকুলি, নানা স্বাদের খাবারের আয়োজন-আপ্যায়ন, স্বজনদের খোঁজখবর নেওয়া ইত্যাদি দিনকে তাৎপর্যময় করে তোলে; বিশেষ করে জাকাত-ফিতরা ও সাধারণ দানের মাধ্যমে সমাজের দরিদ্র-অসহায় মানুষের সঙ্গে আনন্দ ভাগাভাগি করার শিক্ষা সাম্য-সম্প্রীতির সমাজ গঠনের আহবান জানায়।

কিন্তু ঈদুল ফিতরের সেই আনন্দ কি মুসলিম বিশ্বের আছে? আজ ফিলিস্তিনে কি হচ্ছে, ভারত, চীন, সিরিয়া, আফগানিস্তান প্রভৃতি দেশে মুসলমানদের ঈদের আনন্দ কোথায়? বিষয়টি প্রত্যেক ধর্মপ্রাণ মুসলমানকে ভাবতে হবে। সিদ্ধান্ত নিতে হবে আরক দেশগুলোসহ সকল মুসলিম দেশগুলোকে।

এবারের ঈদে আমাদের একান্ত প্রত্যাশা- রাষ্ট্র ও সমাজ সব সমস্যা-সংকট কাটিয়ে উঠুক। মজবুত হোক সমগ্র মুসলিম উম্মাহর জাতীয় ভ্রাতৃত্ববোধ। সব ধর্ম, বর্ণ, গোষ্ঠী, রাজনৈতিক-অরাজনৈতিক দল-মতের মানুষের মধ্যে গড়ে উঠুক সম্প্রীতি ও সৌহার্দ্যের অটুট বন্ধন। সহ-নশীলতা, সহাবস্থান ও পরমতসহিষ্ণুতার চর্চা হোক সমাজের সর্বত্র। ঘুচে যাক ধনী-দরিদ্র, উঁচু-নিচু ও ক্ষমতাবান-ক্ষমতাহীনের ফারাক। ঈদের আনন্দে ধুয়ে-মুছে যাক সব দুঃখ-গ্লানি। ঈদ-আনন্দ ছড়িয়ে পড়ুক সবখানে। নিপীড়িত-নির্যাতিত ফিলিস্তিনী জনগণের মাঝে ফিরে আসুক ঈদের আনন্দ, স্বাধীন হোক প্যালেস্টাইন।

সবাইকে পবিত্র ঈদুল ফিতরের শুভেচ্ছা। ঈদ মোবারক।

ঈদুল ফিতর এর তাৎপর্য ও করনীয়

॥ এজেডএম আবদুস সবুর

পবিত্র ঈদুল ফিতর মুসলমানদের প্রধান ধর্মীয় উৎসব। আনন্দ ও খুশির দিন। শুধু নেক বান্দাদের জন্যই খুশির দিন। যারা এক মাস ধরে সিয়াম সাধনা করেছেন, তাদের জন্যই আনন্দ ও উৎসবের দিন হচ্ছে ঈদুল ফিতর। এ দিনটি আল্লাহর কাছ থেকে পুরস্কার লাভেরও দিন। রমজানের বরকত লাভের জন্য ত্যাগ, কষ্ট-ক্লেশ ও আয়াস সাধ্য-সাধনার পর বহুল প্রতীক্ষিত ঈদ আমাদের জীবনে বয়ে আনে অনাবিল আনন্দ ও সুখসমৃদ্ধি।

ঈদের পূর্ণাঙ্গ আনন্দ-খুশি ও কল্যাণ অর্জন করতে হলে আরো ঘনিষ্ঠ করতে হবে আত্মীয়-স্বজনের সঙ্গে। সুসম্পর্ক, ঘনিষ্ঠ ও অন্তরঙ্গ করতে হবে পরিবার-পরিজনের সঙ্গে, হৃদ্যতা ও ভালোবাসার সম্পর্কের মাধ্যমে। উষ্ণ সম্পর্ক গড়ে তুলতে হবে বন্ধু-বান্ধব স্বজনদের সঙ্গে সহমর্মিতা ও সুন্দর ব্যবহারের মাধ্যমে। ইসলামে ঈদের প্রবর্তন হয়েছে দ্বিতীয় হিজরির মাঝামাঝি সময়ে। আনাস (রা.) থেকে বর্ণিত আছে যে, আল্লাহর রাসুল (সা.) যখন মদিনায় আসেন, তখন দেখেন যে সেখানকার লোকরা বছরে দুদিন (নওরোজ ও মেহেরজান) আনন্দ করে, খেলাধুলা করে। তিনি বললেন, আল্লাহ তাআলা তোমাদের এ দুদিনের পরিবর্তে আরও বেশি উত্তম ও কল্যাণকর দুটি দিন দিয়েছেন। ১. ঈদুল আজহা। ২. ঈদুল ফিতর। (আবু দাউদ, হাদিস : ১/১৬১)

ঈদের দিনে ঈদের ময়দানে উপস্থিত হয়ে নামাজ আদায় করা একটি মহিমান্বিত ঈবাদত। এই দিনটির তাৎপর্য ও গুরুত্ব অপরিসীম। এ দিনটিতে বিশ্বজগতের সৃষ্টিকর্তা, পালনকর্তা মহান আল্লাহ রাব্বুল আলামিন তার বান্দাদেরকে নেওয়ামাত ও অনুগ্রহ দ্বারা বারবার ধন্য করেন।

ঈদুল ফিতরের সূচনা যেভাবে

ঈদুল ফিতর (عيد الفطر) এর ঈদ শব্দটি 'আওদ' শব্দমূল থেকে উদ্ভূত। এর আভিধানিক অর্থ হল ফিরে আসা, প্রত্যাবর্তন করা, বার বার আসা। আর ফিতর শব্দের অর্থ হলো, ফাটল, ভেঙ্গে ফেলা, বিদীর্ণ করা। দীর্ঘ এক মাস সিয়াম সাধনার পর শাওয়ালের চাঁদ দেখার সাথে সাথে রোজা ভেঙ্গে ফেলা তথা রোজা রাখা ছেড়ে দেয়া হয় বলে এ দিনটির নাম ঈদুল ফিতর।

হজরত আনাস বিন মালিক (রা.) বলেন, প্রতি বছর মুশরিকদের জন্য দুটি দিন ছিল সেদিন তারা আনন্দ-উৎসব করত। রসুল (সা.) যখন মদিনায় আসেন তখন তিনি বলেন, তোমাদের ওই দুটি উৎসবের চেয়ে আরও উত্তম দুটি আনন্দের দিন দেওয়া হলো। ঈদুল ফিতর এবং ঈদুল আজহা। (সুনানে নাসায়ি : ১ম খ-, পৃ. ১৭৭; সুনানে আবু দাউদ ১ম খ-, পৃ. ১৬১, হাদীছ নম্বর-১১৩৬)।

ঈদুল ফিতরের তাৎপর্য ও করনীয়

ঈদের উদ্দেশ্য সম্পর্কে মহান আল্লাহ তায়ালা ইরশাদ করেন, 'আর যেন তোমরা নির্ধারিত সংখ্যা পূরণ করতে পার এবং তোমাদেরকে যে সুপথ দেখিয়েছেন, তার জন্যে তোমরা আল্লাহর মমত্ব-বড়ত্ব প্রকাশ কর এবং তার কৃতজ্ঞ হও।' (বাকারা-১৮৫)

মহানবী হযরত মুহাম্মদ সা. ইরশাদ করেন, 'ঈদুল ফিতরের দিন যখন আসে তখন আল্লাহ তা'আলা রোজাদাদের পক্ষে গর্ব করে ফেরেশতাদেরকে বলেন, হে আমার ফেরেশতাগণ তোমরাই বলো রোজাদারদের রোজার বিনিময়ে আজকের এই দিন কি প্রতিদান দেয়া যেতে পারে? সেই সমস্ত রোজাদার যারা তাদের দায়িত্ব পুরোপুরি আদায় করেছে, তখন ফেরেশতারা আল্লাহকে বলেন, হে দয়াময় আল্লাহ উপযুক্ত উত্তম প্রতিদান তাদের দান করুন। কারণ তারা দীর্ঘ এক মাস সিয়াম সাধনা করেছেন, প্রাপ্য পারিশ্রমিক তাদেরকে দান করুন। তখন আল্লাহ তা'আলা রোজাদারদেরক বলতে থাকেন, 'হে আমার বান্দা তোমরা যারা যথাযথভাবে রোজা পালন করেছ, তারাবিহর নামাজ পড়েছ, তোমরা তাড়াতাড়ি ঈদগাহে মাঠে ঈদের নামাজ পড়ার জন্য যাও এবং তোমরা তোমাতের প্রতিদান গ্রহণ করো। ঈদের নমাজের শেষে আল্লাহ তা'আলা তার বান্দাদের উদ্দেশ্যে বলতে থাকেন, হে আমার প্রিয় বান্দারা আমি আজকের এ দিনে তোমাদের সকল পাপগুলোকে পূর্ণের দ্বারা পরিবর্তন করে দিলাম। অতএব তোমরা নিস্পাপ হয়ে বাড়িতে ফিরে যাও'। (বাইহাকী ও মিশকাত)

মহানবী হযরত মুহাম্মদ (সা) বলেন: 'আল্লাহ এ দু'টি দিনের পরিবর্তে অন্য দু'টি দিন তোমাদের উৎসব করার জন্য নির্ধারণ করে দিয়েছেন। তার একটি হল 'ঈদুল ফিতর', অন্যটি 'ঈদুল আযহা'। তোমরা পবিত্রতার সাথে এ দু'টি উৎসব পালন করবে।' (আবু দাউদ ও নাসায়ী)

রাসূলুল্লাহ সাল্লাল্লাহ আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, এ দিনটিতে তোমরা রোজা রেখো না। এদিন তোমাদের জন্য আনন্দ-উৎসবের দিন। খাওয়া, পান করা আর পরিবার-পরিজনদের সাথে আনন্দ-উৎসব করার দিন। আল্লাহকে স্মরণ করার দিন। (মুসনাদ আহমাদ, ইবনু হিববান)

রাসুল (সা.) ইরশাদ করেন, 'ঈদের আনন্দ শুধু তাদের জন্য যারা রমযানের রোজা তারাবিহর নামাজসহ আল্লাহ তা'আলার যাবতীয় বিধি-বিধান গুরুত্ব সহকারে আদায় করেছে। আর যারা রমযানের রোজা ও তারাবিহ আদায় করেনি তাদের জন্য ঈদের আনন্দ নেই, বরং তাদের জন্য ঈদ তথা আনন্দ অগ্নিশিখা সমতুল্য।' (বুখারী)

ঈদের দিনে শুভেচ্ছা বিনিময়

হাফেজ ইবনে হাজার রহ. বলেন, 'যুবাইর ইবনে নফীর থেকে বিশুদ্ধ সূত্রে বর্ণিত, রাসূলে কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সময় সাহাবায়ে কেরাম ঈদের দিন সাক্ষাৎকালে একে অপরকে বলতেন, تَقَبَّلَ اللهُ مِنَّا وَمِنْكُمْ (তাকাব্বালাল্লাহু মিন্না ওয়া মিনকুম)। অর্থঃ আল্লাহ তা'আলা আমাদের ও আপনার ভালো কাজগুলো কবুল করুন। (ফাতহুল বারী শরহু সহীহিল বুখারী ৬/২৩৯, আসসুনানুল কুবরা লিলবাইহাকী, হাদীস-৬৫২১)

সাদকায়ে ফিতর আদায়

ইসলাম ধর্মাবলম্বীদের রমজান মাসের রোজার ভুলত্রুটির দূর করার জন্যে ঈদের দিন অভাবী বা দুস্থদের কাছে অর্থ প্রদান করা হয়, যেটিকে ফিতরা বলা হয়ে থাকে। এটি প্রদান করা মুসলমানদের জন্য ওয়াজিব। হাদিসের ভাষ্য অনুযায়ী- 'তুহরাতুল্লিস সায়িম' অর্থাৎ একমাস সিয়াম সাধনায় মুমিনের অনাকাঙ্খিত ত্রুটি-বিচ্যুতির কাফফারা হলো সাদকায়ে ফিতর।

ঈদের নামাজের পূর্বেই ফিতরা আদায় করার বিধান রয়েছে। তবে ভুলক্রমে নামাজ আদায় হয়ে গেলেও ফিতরা আদায় করার নির্দেশ ইসলামে রয়েছে। সাদাকাতুল ফিতর বিষয়ক হাদীসগুলোতে পাঁচ ধরনের খাদ্যদ্রব্যের উল্লেখ রয়েছে: গম, যব, খেজুর, কিশমিশ, পনির।

সাদকায়ে ফিতরের গুরুত্ব সম্পর্কে মহান আল্লাহ তাআলা বলেন-'নিশ্চয় সাফল্য লাভ করবে সে, যে পরিশুদ্ধ হয়।' (সুরা আলা : আয়াত ১৪)

হজরত আবদুল্লাহ ইবনে ওমর রাদিয়াল্লাহু আনহু বর্ণনা করেন, রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, গোলাম, স্বাধীন, পুরুষ, নারী, ছোট, বড় সব মুসলিমের ওপর রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এক 'সা' খেজুর, অথবা অর্ধ 'সা' গম জাকাতুল ফিতর ফরজ করেছেন এবং (ঈদের) নামাজের আগে তা আদায়ের নির্দেশ দিয়েছেন।' (বুখারি ও মুসলিম)

এবার রাষ্ট্রের পক্ষে ইসলামিক ফাউন্ডেশন মাথাপিছু ফিতরা ধার্য করেছে সর্বোচ্চ ২ হাজার ৬৪০ টাকা এবং সর্বনিম্ন ১১৫ টাকা।

পরিশেষে, ঈদুল ফিতরের গুরুত্ব ও তাৎপর্য অপরিসীম। প্রত্যেক মুসলিম জীবনের ধর্মীয় করণীয়গুলো পালনের মাধ্যমে নিজেকে একজন প্রকৃত মুসলিম হিসেবে গড়ে তোলা অত্যাবশ্যক।

লেখক: ইসলাম বিষয়ক লেখক ও আইনজীবী

ইসলাম ধর্মাবলম্বীদের রমজান মাসের রোজার ভুলত্রুটির দূর করার জন্যে ঈদের দিন অভাবী বা দুস্থদের কাছে অর্থ প্রদান করা হয়, যেটিকে ফিতরা বলা হয়ে থাকে। এটি প্রদান করা মুসলমানদের জন্য ওয়াজিব। হাদিসের ভাষ্য অনুযায়ী- 'তুহরাতুল্লিস সায়িম' অর্থাৎ একমাস সিয়াম সাধনায় মুমিনের অনাকাঙ্খিত ত্রুটি-বিচ্যুতির কাফফারা হলো সাদকায়ে ফিতর।

নামাজের সময়-সূচী

এপ্রিল	০৮	০৯	১০	১১	১২	১৩	১৪
ফজর	৫.০৯	৫.০৭	৫.০৬	৫.০৪	৫.০২	৫.০০	৪.৫৮
সূর্যোদয়	৬.২৮	৬.২৬	৬.২৫	৬.২৩	৬.২১	৬.২০	৬.১৮
জোহর	১২.৫৮	১২.৫৭	১২.৫৭	১২.৫৭	১২.৫৭	১২.৫৬	১২.৫৬
আসর	৫.৩৪	৫.৩৫	৫.৩৫	৫.৩৬	৫.৩৭	৫.৩৭	৫.৩৮
মাগরিব	৭.২৭	৭.২৮	৭.২৯	৭.৩১	৭.৩২	৭.৩৩	৭.৩৪
এশা	৮.৪৬	৮.৪৭	৮.৪৯	৮.৫০	৮.৫১	৮.৫২	৮.৫৪

বিশেষ ঘোষণা

নিউইয়র্ক থেকে প্রকাশিত বাংলা পত্রিকা সপ্তাহের প্রথম অর্থাৎ সোমবারের পত্রিকা। বিগত ২৭ বছর বাংলা পত্রিকা নিয়মিত প্রকাশের পর ২৮ বছরে পা রেখেছে। বাংলা পত্রিকা কর্তৃপক্ষ তার পাঠকদের প্রতি সপ্তাহেই নতুন নতুন খবর, প্রবন্ধ, নিবন্ধ, ফিচার প্রভৃতি উপহার দিতে প্রতিশ্রুতিবদ্ধ। তাই প্রকাশের ক্ষেত্রে যেকোন নতুন এবং মৌলিক লেখা সর্বাধিক গুরুত্বের দাবী রাখে। আমরা আমাদের লেখকদের-কে মৌলিক লেখা ইমেইলে (banglapatrikausa@gmail.com) পাঠানোর জন্য বিনীতভাবে অনুরোধ রাখছি। যুক্তরাষ্ট্র ও বাংলাদেশের বিভিন্ন জাতীয় দিবসের লেখা ১৫দিন আগে ইমেইলে পাঠানোর জন্যও অনুরোধ রইলো।

বাংলা পত্রিকা প্রিন্ট ভার্সনের পাশাপাশি এখন ওয়েব সাইডেও পাওয়া যায়। আর পূর্ণ বাংলা পত্রিকা'র পিডিএফ ভার্সন পেতে আগ্রহীদেরকে তাদের ইমেইল নম্বর পাঠাতে বিশেষভাবে অনুরোধ করা হচ্ছে।

- সম্পাদক।

Akash Medical Care

আকাশ মেডিক্যাল কেয়ার



Akash Ferdaus MD

Akash Medical Care

Internal & Geriatric Medicine

হার্টের ডাক্তার

Sudesh Srivastava MD

Cardiologist

পায়ের ডাক্তার

Dr. Nayeem Haque

Podiatic Surgeon

- Complete Physical & Follow up
- DMV/TLC, School Physical
- Flu Shots, Hajj & Umrah Vaccine
- Blood, Urine Test, EKG
- Immigration Physical
- Podiatric Surgery
- COVID Test & COVID Vaccine
- All Types of Vaccine

FOR APPOINTMENT

718-431-0009

Hours:
Mon-Sat 10 AM to 8 PM

79 Church Avenue, Brooklyn, NY 11218

নিউইয়র্কে ঈদের জামাত কখন কোথায়

(প্রথম পাতার পর)

প্রাঙ্গনে। জামাত তিনটি হবে যথাক্রমে সকাল ৮ট, ৯টা ও ১০টায়। এই জামাতে মহিলাদেরও নামাজ পড়ার ব্যবস্থা রাখা হবে।

আমেরিকা মুসলিম সেন্টার (এএমসি)-এর উদ্যোগে ঈদের ৫টি জামাত অনুষ্ঠিত হবে। প্রথম তিনটি জামাত যথাক্রমে সকাল ৭টা, ৮টা ও ৯টায় মসজিদ প্রাঙ্গণে এবং অপর ২টি জামাত অনুষ্ঠিত হবে সকাল ১০টা ও সকাল ১১টায় যথাক্রমে মসজিদ সংলগ্ন রুফস কিং পার্কে।

জ্যামাইকার আল আরাফা ইসলামিক সেন্টারের উদ্যোগে এবছর প্রথম ঈদুল ফিতরের দুটি জামাত অনুষ্ঠিত হবে যথাক্রমে সকাল সাথে ৭টা ও সাড়ে ৮টায় সেন্টারের নিজস্ব নতুন ভবনে (৮৮-৪৯ ১৭৯ প্লেস, জ্যামাইকা)। এই জামাতে মহিলাদেরও নামাজ পড়ার ব্যবস্থা রাখা হবে।

জ্যামাইকার দারুস সালাম মসজিদে ঈদের ৪টি জামাত অনুষ্ঠিত হবে। প্রথম জামাত সকাল সাড়ে সাতটায়, দ্বিতীয় জামাত সকাল সাড়ে আটটায়, তৃতীয় জামাত সকাল সাড়ে নয়টায় এবং চতুর্থ জামাত সকাল সাড়ে দশটায় অনুষ্ঠিত হবে। প্রথম জামাত ব্যতীত অন্য সব জামাতে মহিলাদের জন্য নামাজের ব্যবস্থা থাকবে।

হলিসউডের মসজিদ আল রায়ানের উদ্যোগে ঈদের ২টি জামাত হবে যথাক্রমে সকাল সাড়ে ৮টায় ও সকাল সাড়ে ৯টায়। এই জামাতে মহিলাদেরও নামাজ পড়ার ব্যবস্থা রাখা হবে।

এস্টোরিয়ার আল আমিন জামে মসজিদে ঈদের জামাত অনুষ্ঠিত হবে সকাল সাড়ে আটটায় ৩৬ স্ট্রিটে (৩৬ ও ৩৭ অ্যাভিনিউর মাঝে) জামাত হবে। আবহাওয়া খারাপ হলে মসজিদের ভেতরে তিনটি জামাত অনুষ্ঠিত হবে। প্রথম জামাত সকাল সাতটায়, দ্বিতীয় জামাত সকাল আটটায় এবং তৃতীয় জামাত সকাল নয়টায় হবে। মহিলাদের জন্য আলাদা নামাজের ব্যবস্থা করা হয়েছে। তৃতীয় জামাতে মহিলারা অংশগ্রহণ করতে পারবেন।

ম্যানহাটানের ইসলামিক কাউন্সিল অব আমেরিকা (মদিনা মসজিদ)-এর উদ্যোগে ঈদুল ফিতরের একটি জামাত অনুষ্ঠিত হবে সকাল ৯টায় মসজিদ সংলগ্ন ওপেন রোড পার্কে। আবহাওয়া খারাপ থাকলে মসজিদের অভ্যন্তরে ঈদের ২টি জামাত অনুষ্ঠিত হবে যথাক্রমে সকাল সাড়ে ৯টায় ও সকাল সোয়া ১০টায়।

ব্রুকলীনের বায়তুল জান্নাহ জমে মসজিদ এন্ড মুসলিম কমিউনিটি সেন্টারের উদ্যোগে ঈদেও একটি জামাত অনুষ্ঠিত হবে সকাল সাড়ে ৮টায় ম্যাকডোনাল্ড এভিনিউতে (চার্চ এভিনিউ ও এভিনিউ সি'র মাঝে)। প্রতিকূল পরিবেশে মসজিদে ঈদের জামাত হবে সকাল ৬টা ৪৫ মিনিট থেকে প্রতি ৩০ মিনিট পর পর ৫টি জামাত।

এছাড়াও কুইন্সের জ্যামাইকার হিলসাইড ইসলামিক সেন্টার, জ্যাকসন হাইটসের মসজিদ আবু হুরায়রা, দারুস সুন্নাহ মসজিদ, আল ফোরকান মসজিদ, ব্রুকলীনের বাংলাদেশ মুসলিম সেন্টার, আসসাফা মসজিদ, গাউছিয়া মসজিদ, ব্রঙ্কসের পার্কচেস্টার ইসলামিক সেন্টার, ব্রঙ্কস মুসলিম সেন্টার প্রভৃতি মসজিদের উদ্যোগে খোলা মাঠে বা মসজিদ ভবনে ঈদুল ফিতরের একাধিক জামাত অনুষ্ঠিত হবে বলে জানা গেছে।

সংবাদপত্রে ৬ দিন ছুটি ঘোষণা

(প্রথম পাতার পর)

অব বাংলাদেশের (নোয়াব) বৈঠক শেষে ৯ থেকে ১৪ এপ্রিল টানা ছয় দিন ছুটির আনুষ্ঠানিক ঘোষণা দেয়া হয়।

প্রচলিত রেওয়াজ অনুযায়ী, প্রতিবছর ২৯ রমজান থেকে ঈদে তিন দিনের ছুটি ভোগ করেন সংবাদকর্মীরা। রোজা ৩০টি পূর্ণ হলে এই ছুটি চার দিনে পরিণত হয়। সে হিসাবে ৯ থেকে ১২ এপ্রিল পর্যন্ত সর্বোচ্চ ছুটি হওয়ার কথা। কিন্তু এবার ঈদের ছুটির এক দিন পর ১৪ এপ্রিল পহেলা বৈশাখ হওয়ায় সরকার নির্ধারিত ছুটি রয়েছে। এজন্য ১৩ এপ্রিল বিশেষ ছুটি ঘোষণার সিদ্ধান্ত নেয় নোয়াব।

নোয়াবের বৈঠকে ১৩ এপ্রিল বিশেষ ছুটি ঘোষণার বিষয়ে সংখ্যাগরিষ্ঠ সদস্য সম্মত হন। তা ছাড়া এদিন পত্রিকা প্রকাশ হলেও সংবাদপত্র বিপণন সংস্থা সংবাদপত্র হকার্স কল্যাণ বহুমুখী সমিতি তা বিপণনে অপারগতা জানায়। অন্যদিকে ঈদের ছুটির এক দিন পরই পহেলা বৈশাখের ছুটি থাকায় সাংবাদিকদের শীর্ষ সংগঠন বিএফইউজে-বাংলাদেশ ফেডারেল সাংবাদিক ইউনিয়ন ও ঢাকা সাংবাদিক ইউনিয়নও (ডিইউজে) নোয়াবের কাছে ১৩ এপ্রিল বিশেষ ছুটি ঘোষণার আহ্বান জানায়।

তবে এবার ঈদের ছুটি ছয় দিন একটি অনন্য রেকর্ড। কারণ স্বাধীনতার পর আর কখনো সংবাদমাধ্যম ছয় দিন বন্ধ থাকেনি।

NUR BEPARY AUTO REPAIR & BODY SHOP, INC.

COMPLETE BODY REPAIR

একটি বাংলাদেশী প্রতিষ্ঠান

Nur Bhai
President
718-551-1405



OPEN 24 HOURS

35-44, 61st Street
Woodside, NY 11377
Tel: 718-898-0052



Sarwor Khan
LIC. Real Estate Saleperson
Cell: 347-665-7580

EXIT REALTY PRIME

This is the best time to Buy or Sell your home

বাড়ী কিনার এখনই উপযুক্ত সময়
সুলভে বাড়ী কিনতে
আমাদের সাথে যোগাযোগ করুন

- Residential
- Commercial
- Co-op Condo
- HUD
- Pre-Forclosure
- Rental & Short Sale

- রেসিডেনসিয়াল
- কমার্শিয়াল
- কো-অপ কনডো
- HUD-বাড়ি
- প্রি-ফরক্লোজার
- ভাড়া ও শর্ট সেল



189-10 Hillside Ave, Jamaica NY 11423
Tel: 718-262-0205 Cell: 347-665-7580
Email: sarworexitrealty@gmail.com, Web:Exitprimeny.com

নিউইয়র্ক ও লংআইল্যান্ডে স্টেটের অনুদানে বাসায় অত্যাধুনিক হিটিং ও এয়ারকন্ডিশন লাগাতে চান?

সম্মানিত বাড়ির মালিকগণ আমরা নিউইয়র্ক স্টেটের বিশেষ অনুদানে (৭০% পর্যন্ত) আপনার বাড়িতে অত্যাধুনিক হিটিং ও এয়ারকন্ডিশন লাগিয়ে দিতে চাই

লংআইল্যান্ডের ব্যবসার মালিকগণ এ সুযোগ গ্রহণ করতে পারেন

১০ হাজার ডলারের রিভেট





নতুন বছর উপলক্ষ্যে ৫০% সেল



তোফায়েল চৌধুরী

স্টেটের অর্থায়নে হিটিং ও এয়ারকান্ডিশন সিস্টেম সম্পর্কে জানতে আজই যোগাযোগ করুন

এই অত্যাধুনিক সিস্টেম-এ আপনার হিটিং বিল প্রায় ৫০% কমাতে সাহায্য করবে

আমাদের কল করুন
914-222-9477 or 914-989-0089
Gree Mechanical Yonkers
1900 Central Park Ave, Yonkers, NY 10710
GREE MECHANICAL YONKERS

LAW OFFICE OF ALBERT GHUNNEY
ATTORNEY AT LAW
ACCIDENT / IMMIGRATION / DIVORCE

ইমিগ্রেশনঃ ফ্যামিলি পিটিশন, গ্রীনকার্ড, সিটিজেনশীপ, এসাইলাম ও ওয়ার্ক পারমিট রিনিউ। ডিভোর্স, চাইল্ড সাপোর্ট, কাস্টডি, এলিমনি। ইনকর্পোরেশন এন্ড বিজনেস ট্যাক্স

বাংলাদেশ থেকে B1/B2/F1/M1/J1 ভিসা প্রসেস

সহযোগিতার জন্য যোগাযোগ করুনঃ

ইমিগ্রেশন সার্ভিসে ১২ বছরের অভিজ্ঞ নিউইয়র্ক স্টেট লাইসেন্সড ল'ইয়ার

MURAD HOSSAIN MSS, LLB (DU), LLM USA, DTL UK

347-891-8958, h_m_murad@yahoo.com
37-22 73rd Street, (1F), Jackson Heights, NY 11372

কলম্বিয়া ইউনিভার্সিটি ল' গ্রাজুয়েট, লন্ডন ইউনিভার্সিটি থেকে ব্রিটিশ ফরেন ও কমনওয়েলথ

অফিসের অধীনে শেভনিং স্কলার ও হিউম্যান রাইটস-এ মাস্টার্স, ঢাকা ইউনিভার্সিটি থেকে আইনে অনার্স ও মাস্টার্স (১ম শ্রেণী), বিসিএল (জুডিশিয়াল) এর সদস্য, বাংলাদেশে প্রাক্তন সিনিয়র সহকারী জজ আইন মন্ত্রণালয়ের সিনিয়র সহকারী সচিব ও বাংলাদেশ সরকারের প্রাক্তন মাননীয় আইন মন্ত্রীর কাউন্সিল অফিসার হিসেবে ৮ বছর এবং নিউইয়র্কের বিভিন্ন ল'ফার্মের অভিজ্ঞতাসম্পন্ন এ্যাটর্নী।



অশোক কুমার কর্মকার
এ্যাটর্নী এট ল'

আমেরিকায় যে কোন নতুন ব্যবসায় নূনতম বিনিয়োগের মাধ্যমে Treaty (E-2) ভিসার অধীনে এদেশে বসবাস করার সুযোগ পেতে পারেন এবং পরবর্তীতে গ্রীন কার্ড পাওয়ার যোগ্য হতে পারেন।

মাত্রাত্র ১ মিলিয়ন বা নূনতম ৫ লাখ ডলার বিনিয়োগ করে EB-5 ভিসার অধীনে আপনি আপনার পরিবার ও সন্তান-সন্ততিসহ গ্রীন কার্ড পেতে পারেন।

বিদেশের এদেশে আপনার বিনিয়োগের অর্থ অনায়াসে আমাদের সাথে পরামর্শ করতে পারেন।

চাইলে কোন কোম্পানীর মালিক/পরিচালক হয়ে আপনি ও আপনার পরিবার ৭ বছরের সুবিধা নিতে পারেন এবং দু'বছর পর গ্রীন কার্ডের আবেদন করতে পারেন।

আপনি কি বিনিয়োগের মাধ্যমে নিজের যোগ্যতায় খুব দ্রুত গ্রীন কার্ড পেতে চান?

- আপনার সার্বিক আইনী (ইমিগ্রেশন, এসাইলামসহ সর্বপ্রকার রিয়েল এস্টেট ক্লোজিং, পার্সোনাল ইনজুরি, মেডিকেল ম্যালপ্র্যাকটিস, ডিভোর্স, পারিবারিক রিস্যালাইজেশনসহ সকল ধরনের) সমস্যার সমাধানে যোগাযোগ করুন (সোম-শনিবার)।
- আমেরিকায় বসে আমাদের ঢাকা অফিসের মাধ্যমে খরচ ও সময় বাঁচিয়ে আপনি বাংলাদেশে আপনার যে কোন মামলা পরিচালনা, সম্পত্তি ক্রয়-বিক্রয়সহ যে কোন আইনী সমস্যার সমাধান সহজেই করতে পারবেন।
- আপনার সম্পত্তি ব্যবস্থাপনায় (Property Management) আমাদের ঢাকা অফিস আপনাকে সহায়তা করতে পারে।

Law Offices of Ashok K. Karmaker, P.C.
Queens Main Office: Queens Office: 143-08 Hillside Avenue, Jamaica, NY 11435
Tel: (212) 714-3599, (718) 408-3282, Fax: (718) 408-3283, Email: ashok@ashoklaw.com, Web: www.ashoklaw.com
Tel: (718) 662-0100, Fax: (347) 305-8383, Email: info.klpllc@gmail.com, Web: www.k-lpllc.com
Dhaka Office: US-Bangladesh Global Law Associates Ltd.
Dream Apartment, Apt.C2, Hse 3G, Road 104, Gulshan Circle 2, Dhaka 1212, Bangladesh, Tel: 011-880-2-8833711

ম্যানহাটনে বাংলাদেশী এটর্নী



- ইমিগ্রেশন
- রিয়েল এস্টেট
- এক্সিডেন্ট
- ল্যান্ডলর্ড-টেনেন্ট
- ব্যাংক্রাপসি
- ডিভোর্স সহ বিভিন্ন

সমস্যার আইনগত সহায়তার জন্য যোগাযোগ করুন।

মোহাম্মদ এ. আজিজ Esq
এটর্নী এট ল'
For Appointment: (917)-434-3338
Tel: 212-695-0055, Fax: 212-695-0056, e-mail: azizbbn@yahoo.com
421 7th Avenue, Suite# 905, New York, NY 10001



ভূমিকম্পের পর ১১টি আফটারশকে

(শেষের পাতার পর)

৪ দশমিক ৮ মাত্রার একটি শক্তিশালী ভূমিকম্পে কেপে উঠে। ভূমিকম্পের প্রায় ৮ ঘণ্টা পরে ৪ মাত্রার কম্পনসহ কমপক্ষে ১১টি আফটারশক অনুভূত হয়েছে বলে নিশ্চিত করেছে ভূতাত্ত্বিক জরিপ সংস্থা ইউএসজিএস।

ইউএসজিএসের তথ্যানুসারে, এই ভূমিকম্পের উৎসস্থল ছিল নিউইয়র্ক থেকে ৪৫ মাইল পশ্চিমে নিউজার্সীর লেবাননের কাছে। ব্রুকলীন, ম্যানহ্যাটন, কানেটিকেট, ফিলাডেলফিয়াস লং আইল্যান্ড সহ একাধিক জায়গায় কম্পন অনুভূত হয়েছে। এসময় নিউইয়র্কে জাতিসংঘের সদর দপ্তরে চলমান নিরাপত্তা পরিষদের বৈঠক থামিয়ে দেওয়া হয়। প্রাথমিক ভূমিকম্পে নিউইয়র্কের স্ট্যাচু অফ লিবার্টি দুলতে দেখা গেছে। নিউইয়র্কের লাগোর্ডিয়া, নি-উজার্সীর নেওয়ার্ক এবং ফিলাডেলফিয়াতে বিমান পরিষেবা স্থগিত করে দেওয়া হয়।

এদিকে এক বিবৃতিতে গভর্নর কেথি হোকুল বলেন, ভূমিকম্পের প্রভাবগুলো মূল্যায়ন করছে কয়েকটি টিম। জরুরি নির্দেশিকা অনুসরণ এবং যে কোনও প্রয়োজনে ৯১১ এমারজেন্সি নম্বরে ফোন করতেও বলা হয়। এখন পর্যন্ত ভূমিকম্পে হতাহত বা ক্ষয়ক্ষতির কোনও খবর পাওয়া যায়নি। তবে সরকারি কর্মকর্তারা ভবন এবং অবকাঠামোগুলোর নিরাপত্তা নিশ্চিতে পুরো স্টেইটে ক্ষয়ক্ষতি নিরুপনের প্রক্রিয়া শুরু করেছে বলে জানান তিনি। গত পাঁচ দশকে এই এলাকায় রেকর্ড করা তৃতীয় বৃহত্তম ভূমিকম্প এটি। তবে ২৪০ বছরেরও বেশি সময়ের মধ্যে নিউজার্সির সবচেয়ে শক্তিশালী ভূমিকম্প ছিল। এ ভূমিকম্পকে 'বিরল' উল্লেখ করে বলা হয়, কয়েকশ মাইলজুড়ে লাখ লাখ মানুষ কম্পন অনুভব করেছেন।

ন্যান্সি পেলোসিসহ ৩৬জন কংগ্রেসম্যানের চিঠি

(শেষের পাতার পর)

ওয়ার্ল্ড সেন্ট্রাল কিচেনের সাতজন সহায়তাকর্মীর মৃত্যুর ঘটনায় নিজস্ব তদন্তের দাবি জানানো হয়েছে ওই চিঠিতে। চিঠিতে ন্যান্সি পেলোসি ছাড়াও ডেমোক্র্যাট দলের আরও ৩৬ জন কংগ্রেসম্যান সই করেছেন। চিঠিতে, সহায়তাকর্মীদের ওপর সাম্প্রতিক হামলার ঘটনা ও গাজার মানবিক পরিস্থিতির ক্রমে অবনতি হওয়ার পরিপ্রেক্ষিতে কংগ্রেসম্যানরা ইসরায়েলে অস্ত্র হস্তান্তরে অনুমোদন দেওয়াটা অযৌক্তিক বলে দাবি করেন।

DR. SADI ALAM, DPM
Foot Specialist
পায়ের বাংলাদেশী রোগ বিশেষজ্ঞ চিকিৎসক
Jamaica Office: 168-32 Highland Ave, Jamaica, NY 11432
Hollis: 196-22 Hillside Ave, Hollis, NY 11423
Jackson Heights Office: 7017 37th Ave, Jackson Heights, NY 11372
Brooklyn Office: 486 McDonald Ave, Brooklyn, NY 11218
Alam Podiatry, P.C.
Ozone Park Office: 530 Conduit Blvd, Brooklyn, NY 11209
Bronx Office: 3099 Bainbridge Ave, Bronx, NY 10467
Parkchester Office: 1381 Castle Hill Ave, Bronx, NY 10462
FOR APPOINTMENT
Phone: 347-509-4470 | Fax: 646-845-1861 | www.alampodiatry.com
WE ACCEPT ALL MAJOR INSURANCE PLANS
PLEASE ASK YOUR DOCTOR FOR REFERRAL

দীর্ঘ লাইনে আর অপেক্ষা নয়
আপনি লাইনে থাকতেই প্রেসক্রিপশন তৈরী
বিনামূল্যে ব্লাড প্রেসার চেক করা হয়।
বিনামূল্যে ব্লাড সুগার মনিটর
২৫% ছাড় কুপন সহ যে কোন পণ্য ক্রয়ে
প্রেসক্রিপশন এর ক্ষেত্রে প্রযোজ্য নয়
ফ্রি উপহার কুপন সহ ভিতরে প্রবেশ করলেই
এটিএম, ফোন কার্ড এবং মেট্রো কার্ড পাওয়া যায়
PARKCHESTER FAMILY FARMACIA & SURGICAL, INC.
PARKCHESTER FAMILY PHARMACY & SURGICAL, INC.
নিউইয়র্ক লটারী খেলার ব্যবস্থা রয়েছে
আমরা মেডিকেইড, মেডিকেয়ার পার্ট ডি, থার্ড পার্টি ইন্স্যুরেন্স, অধিকাংশ ইউনিয়ন প্ল্যান ও ওয়ার্কার কমপেনসেশন গ্রহণ করে থাকি।
❑ প্রতিদিন সর্বোচ্চ কমমূল্যের নিশ্চয়তা এবং সিনিয়র সিটিজেনদের জন্য ১০% মূল্য ছাড়, ❑ সার্জিক্যাল সাপ্লাই, হোম হেলথ্ কেয়ার, প্রসাধন সামগ্রী, সুগন্ধি, ভিটামিন, হেলথ্ এন্ড বিউটি কেয়ার ❑ ফটোকপি ৫ সেন্ট, ❑ ফ্যাক্স সার্ভিস, ❑ ৯৯ সেন্ট-এ উপহার কার্ড, ❑ ফিল্ম প্রসেসিং
PARKCHESTER FAMILY PHARMACY
১৪৪৫ ইউনিয়ন পোর্ট রোড (জে এন্ড কে বুফের পাশে) ব্রঙ্কস, নিউইয়র্ক-১০৪৬২ (347) 851-2688
আমাদের অন্য কোন শাখা নেই
আমরা অন্য ফার্মেসী থেকে আপনার সকল প্রেসক্রিপশন সংগ্রহ করে থাকি।



এটর্নী শাকিল এইচ কাজমী

ইমিগ্রেশন ও আপনি

আমেরিকায় অবস্থানরত বাংলাভাষাভাষী প্রত্যেকেই কোন না কোনভাবে ইমিগ্রেশনের সাথে জড়িত। বিশাল জনগোষ্ঠীর বিশেষ সুবিধার্থে ইমিগ্রেশন বিষয়ে "ইমিগ্রেশন ও আপনি" শিরোনামে প্রতি সপ্তাহে একজন ইমিগ্রেশন বিশেষজ্ঞ আইনজীবীর লেখা ধারাবাহিকভাবে প্রকাশ করছি। এই কলামটির লেখক শাকিল হোসেন কাজমী। শাকিল কাজমী নিউইয়র্ক ল'স্কুলে আইনের উপর পড়াশোনা করেছেন। তিনি ওয়াশিংটন কলেজ অব ল' থেকে ইমিগ্রেশন ল' এবং বিজনেস ল'-এর উপর এল,এল,এম, করেছেন। তিনি নিউইয়র্ক স্টেট বার এসোসিয়েশন, আমেরিকান বার এসোসিয়েশন এবং ইমিগ্রেশন ল' ইয়ার্স এসোসিয়েশনের সদস্য।

ইমিগ্রেশন ও আপনি বিভাগ থেকে আপনাদের সবার জন্য রইলো আমাদের ঈদুল ফিতরের শুভেচ্ছা ও ধন্যবাদ। আশা করি আপনারা সবাই সুস্থ ও নিরাপদে আছেন। আপনাদের মঙ্গলময় জীবনই আমাদের কাম্য, আর তাই ইমিগ্রেশন বিষয়ে যে কোন প্রয়োজনে আমরা আপনাদের সাহায্যের জন্যে প্রস্তুত। এ বিভাগ আপনাদেরই জন্য। এ কারণে এই বিভাগের মাধ্যমে আপনারা এতটুকু উপকৃত হলে আমরা আনন্দিত হবো। প্রতি সপ্তাহের মতো এ সপ্তাহে আপনাদের পাঠানো চিঠিগুলো আমাদের হাতে এসে পৌঁছেছে। আপনাদের পাঠানো চিঠি থেকে পর্যায়ক্রমে আমরা তার উত্তর দিয়ে থাকি।

এপ্রিল ২০২৪ ভিসা বুলেটিন

ইউএস স্টেট ডিপার্টমেন্ট অব স্টেট (ডিওএস) এপ্রিল ২০২৪'র ভিসা বুলেটিন প্রকাশ করেছে। নিম্নে এপ্রিল ২০২৪ এর পারিবারিক ভিত্তিতে ফেব্রুয়ারী মাসের ভিসা বুলেটিনের প্রাপ্যতা দেয়া হলো। উল্লেখ্য যে, ফাইনাল অ্যাকশন ডেট বলতে সেই ডেটকে বুঝায় যখন ইউএসসিআইএস জমা দেয়া আবেদন সম্পর্কে তাদের চূড়ান্ত সিদ্ধান্ত দেবে। প্রায়োরিটি ডেট হবে এই ডেটের পূর্বে। এপ্রিল ২০২৪'র ভিসা বুলেটিনের সার্বিক পর্যালোচনা করে দেখা যায় ফ্যামিলি ভিত্তিক ভিসা বুলেটিনে অগ্রগতি খুব একটা দেখা যায় না।

ফ্যামিলি স্পন্সরড প্রেফারেন্সেস

প্রথম (এফ-১)ঃ আমেরিকান নাগরিকদের অবিবাহিত পুত্র-কন্যাঃ ৮ ফেব্রুয়ারী, ২০১৫।

দ্বিতীয়ঃ পারমানেন্ট রেসিডেন্টদের স্বামী/স্ত্রী, সন্তান এবং অবিবাহিত ছেলে ও মেয়েরাঃ

এ. (এফ২এ)ঃ পার্মানেন্ট রেসিডেন্টদের স্বামী/স্ত্রী এবং ২১ নিম্ন বয়সের ছেলে ও মেয়েরাঃ সেপ্টেম্বর ৮, ২০২০।

বি. (এফ ২বি)ঃ পার্মানেন্ট রেসিডেন্টদের অবিবাহিত ছেলে ও মেয়েরা (২১ বছর বা তদুর্ধবয়সী ছেলে ও মেয়েরা)ঃ নভেম্বর ২২, ২০১৫।

তৃতীয়ঃ (এফ-৩)ঃ আমেরিকান নাগরিকদের বিবাহিত পুত্র-কন্যাঃ ০১ অক্টোবর ২০০৯।

চতুর্থঃ (এফ-৪) ঃ প্রাপ্তবয়স্ক আমেরিকান নাগরিকদের ভাই-বোনঃ ০৮ জুন, ২০০৭।

এ বিষয়ে এবং চাকরি ভিত্তিক ভিসার প্রাপ্যতা জানতে চাইলে ইউএস ডিপার্টমেন্ট অব স্টেটের ওয়েব সাইট ভিজিট করুন।

নিউইয়র্ক থেকে খালেদ হোসেনের প্রশ্নঃ

একজন ইউএস সিটিজেন হিসেবে আমি আমার মা-বাবার জন্যে আবেদন করেছিলাম। গ্রিনকার্ডধরী হিসেবে এদেশে এসে তারা ৩ বছরের মত এখানে বসবাস করেন। এরপর থেকে ১ বছরের মধ্যে আর ইউএসএ ফিরে আসতে পারেন নাই। এখন তারা বাংলাদেশে



রয়ে গেছেন। তারা বয়স্ক এবং অসুস্থ। এ কারণে তাদের জন্য আমি খুব উদ্বিগ্ন আছি। এখানকার ব্যস্ততা এবং পারিবারিক কারণে আমিও তাদের কাছে যেতে পারছিনা। ইমিগ্রেশনে কল করেও কোন জবাব পাই নাই। এ ব্যাপারে আপনার পরামর্শের অপেক্ষায় রইলাম যে কিভাবে তাদের এদেশে ফিরিয়ে আনতে পারব?

গ্রীনকার্ডধারী বিনা অনুমতিতে এদেশের বাইরে গেলে তারা এক বছর সময় পর্যন্ত এদেশের বাইরে অবস্থান করতে পারেন। সাম্প্রতিক সময়ে এদেশে পুন প্রবেশের অনুমতি পাওয়া খুব সহজ। আই-১৩১ ফরম পূরণ করে ফিস এবং প্রয়োজনীয় কাগজপত্র সংযুক্ত করে 'ই-উএসসিআইএস'এ মেইল করতে হবে। এদেশের বাইরে থাকার জন্য আপনাকে ২ বছরের অনুমতি দেয়া হবে।

পুনঃ প্রবেশের অনুমতির তারিখ শেষ হওয়ার পূর্বে অবশ্যই এদেশে আসতে হবে। আবার ইউএস এর বাইরে ভ্রমণের পূর্বে পুনঃ প্রবেশের অনুমতি গ্রহণ করতে হবে। সেকারণে একজন গ্রিনকার্ডধারী যদি এক বছরের অধিক সময় ইউএস এর বাইরে থাকতে চান অথবা পুনঃ প্রবেশের বৈধ সময় পার হয়ে যাবার পর আপনাকে ইউএসএ প্রবেশের জন্য নতুন করে ইমিগ্র্যান্ট ভিসা নিতে হবে।

এসবি-আই ভিসাঃ

আপনি একজন পার্মানেন্ট রেসিডেন্ট এবং এদেশের বাইরে আপনার অবস্থান ১ বছরের বেশি সময় হয়ে গেছে। আর আপনার পুনঃ প্রবেশের অনুমতির সময়ও পার হয়ে গেছে। এক্ষেত্রে আপনি আমেরিকান দূতাবাসে যোগাযোগ করে নিশ্চিত হবেন যে আপনি এসবি-আই ভিসার জন্য উপযুক্ত কিনা। আপনার এসবি-আই ভিসা (ফিরে আসার জন্য রেসিডেন্ট স্ট্যাটাসের আবেদন) যদি অনুমোদিত হয়, হোমল্যান্ড সিকিউরিটি ডিপার্টমেন্ট (ডিএইচএস), ইউএস সিটিজেনশীপ এ্যান্ড ইমিগ্রেশন সার্ভিসেসে (ইউএসসিআইএস) এ নতুন আবেদন না করেও আপনার স্ট্যাটাস অব্যাহত থাকবে। এই প্রক্রিয়ায় ডিএইচএস এবং ইউএসসিআইএস- এ নতুন করে ইমিগ্র্যান্ট ভিসার আবেদনের প্রয়োজনীয়তা থাকবে না। ইউএসএ ফিরে আমার আবেদনের জন্য ইন্টার-ভিউ দিতে হবে। এবং সাধারণ ইমিগ্র্যান্ট হিসাবে পরে সাক্ষাতকার দিতে হবে।

এসবি-আই ভিসা আবেদনকারীকে ইমিগ্র্যান্ট ভিসা আবেদনের জন্য যোগ্যতা প্রমাণ করতে হবে এবং মেডিক্যাল পরীক্ষা দিতে হবে। এক্ষেত্রে দুটোর জন্যই নির্ধারিত ফিস দিতে হবে।

রেসিডেন্ট স্ট্যাটাস ফিরে পাওয়া যোগ্যতাঃ

ইমিগ্রেশন আইনের ধারার অধীনে রেসিডেন্ট স্ট্যাটাস ফিরে পাওয়ার জন্য কনস্যুলার অফিসারের সময়ে প্রমাণ করতে হবেঃ

* ইউএসএ ত্যাগ করার পূর্বে আপনার আইসম্মত পার্মানেন্ট রেসিডেন্টের বৈধ স্ট্যাটাস ছিল।
* ইউএসএ ত্যাগ করার পূর্বে আপনার আইনসম্মত পার্মানেন্ট রেসিডেন্টের বৈধ স্ট্যাটাস ছিল।
* ইউএসএ আপনার উপস্থিতি ছিলো সাময়িক।
* এদেশের বাইরে আপনার অনুমোদিত সময়ের অধিক অবস্থানের কারণ ছিলো নিয়ন্ত্রণের বাইরে যার জন্য আপনি দায়ী নন।

এসবি-আই রেসিডেন্ট ভিসার জন্য কোথায় আবেদন করতে হবে?

রিটার্নিং রেসিডেন্ট (এসবি-আই) ইমিগ্র্যান্ট ভিসার জন্য ইউএস দূতাবাস বা কন্স্যুলেটে আবেদন করতে হবে।

প্রয়োজনীয় কাগজপত্রঃ

* রিটার্নিং রেসিডেন্ট স্ট্যাটাস নির্নয়ের জন্য ডিএস-১১৭ ফরম পূরণ করতে হবে আবেদনের সঙ্গে।
* পার্মানেন্ট রেসিডেন্ট কার্ড। ডিএস-১১৭ ফরম পূরণ করার পর ইউএস দূতাবাস কাগজপত্র পর্যালোচনা করে সাক্ষাতকারের জন্য সময় নির্ধারণ করে দেব। তখন যেসব কাগজপত্র লাগবেঃ

১) মূল পাসপোর্ট, ২) ২ কপি ছবি, ৩) মেডিক্যাল পরীক্ষার রিপোর্ট এবং ৪) দূতাবাস অথবা কনস্যুলেট আরও কাগজপত্র চাইতে পারে।

রিটার্নিং রেসিডেন্ট স্ট্যাটাস অনুমোদিত না হলে আপনি একই ভিত্তিতে এবং একই ক্যাটাগরিতে ইমিগ্র্যান্ট ভিসার জন্য আবেদন করতে পারবেন। যার ভিত্তিতে আপনি ইমিগ্র্যান্ট হয়ে এসেছিলেন।

নোটঃ আরও জানতে ভিজিট করুন ইউএস দূতাবাত বা কন্স্যুলেট অফিস।

ইমিগ্রেশন বিষয়ে যে কোন প্রয়োজনে আমাদের সাথে যোগাযোগের ঠিকানা: ২২৫ ব্রডওয়ে (৩৮ তলা), নিউইয়র্ক ১০০০৭।

ফোন: ২১২-৫১৩-৭৪৭৪

ফ্যাক্স: ৯১৪-৪৬২-৩৯৯০

ই-মেইল: kazmiandreeves@gmail.com এ লিখে ই-মেইল করলে অবশ্যই 'বাংলা পত্রিকার জন্য' কথাটি উল্লেখ করবেন।

অনুবাদঃ হুসনে এ. বেগম।

Law Offices of Kazmi & Reeves



225 Broadway, (38th Floor) New York, NY 10007. Tel: (212)513-7474 , Fax: (914) 462-3990
517 East Main Street, Middle Town, New York 10940. Tel: (845)341-0726, Email- kazmiandreeves@gmail.com

Tel: 212-513-7474, Fax: 914-462-3990

*** Immigration Cases & Appeals * Bankruptcy Cases**
*** Accident & Personal Injury Cases * Divorce, Separation, Child Custody & Support Cases * Business & Commercial Litigation * Real Estate Transactions * Corporation & Partnership Matters.**

এপয়েন্টমেন্ট করে পরামর্শের জন্য আমাদের অফিসে আসতে পারেন।

যৌথভাবে আমাদের রয়েছে ৩৫ বছরের বেশী অভিজ্ঞতা

আপনাদের সুবিধার্থে আমাদের নতুন অফিস এখন ম্যানহাটান ডাউন টাউনের প্রাণকেন্দ্রে এন, আর, ই এবং ২, ৩, ৪ এবং ৫ ট্রেনের সন্নিকটে। ই ট্রেনে ওয়ার্ল্ডট্রেড সেন্টার, ২ ও ৩ ট্রেনে প্লেসপার্ক এবং ৪ ও ৫ ট্রেনে ব্রুকলীন ব্রীজ, আর ও এন ট্রেনে সিটি হলে নামতে হবে।

আইনজীবী ফী আলোচনা সাপেক্ষে কিস্তিতে পরিশোধের ব্যবস্থা রয়েছে।

আপনি আইন সম্পর্কে তেমন কিছু জানেন না- ইমিগ্র্যান্ট ও সুযোগ সুবিধার দেশে আইনানুগ ব্যবস্থার মাধ্যমে জীবন ঝামেলামুক্ত করুন।

অধিকার প্রতিষ্ঠার মাধ্যমে শিকড় প্রথিত করে সার্বিকভাবে কমিউনিটিকে এগিয়ে নিন।

একদা জ্বীনের সান্নিধ্যে!

(শেষের পাতার পর)

বর্ণাঢ্য রাজনৈতিক ক্যারিয়ারের অধিকারি মিজানুর রহমান চৌধুরী। বাংলাদেশের সাবেক প্রধানমন্ত্রী। আটবারের নির্বাচিত এমপি। এবং স্বাধীনতা সংগ্রাম ও মুক্তিযুদ্ধের অন্যতম সংগঠক। বলতে গেলে তিনি আমার রাজনীতির গুরু। সৎ রাজনীতির দীক্ষা পেয়েছি এই মানুষটার কাছ থেকেই। পুরো পরিবারের সাথে এমন ঘনিষ্ঠ সম্পর্ক তৈরী হয়েছিল যেন তাদেরই একজন হয়ে গেছিলাম। ভাই ডাকতাম। তিনিও আমাকে আপন ছোট ভাইয়ের মতই স্নেহ করতেন। রাজনীতি করতে গিয়ে এক সময় কঠিন সময় পার করেছি, তিনি সর্বতোভাবে আগলে রেখেছেন।

মিজান ভাই ছিলেন একজন ধর্মপ্রাণ মানুষ। পাঁচ ওয়াক্ত নামাজ পড়তেন কোরআন তেলাওয়াত করতেন। '৯২/'৯৩এর দিকে যখন আমরা রাজনীতির ঝোড়ো হাওয়ায় খাবি খাচ্ছি, তার কাছে নানা ধরনের মানুষ আসা যাওয়া করতো। প্রায় সারাক্ষণ ভীড় লেগে থাকতো। সাবেকী আমলের রাজনীতির মানুষ। বেডরুমটাই ছিল অফিস, বসার ঘর। বিছানার ওপর বালিশে আধা হেলান দিয়ে সবার সাথে কথা বলতেন। কিছুদিন ধরে লক্ষ্য করি ২৮/৩০ বছরের একটা ছেলে দেখা করতে এলে রুম থেকে সবাইকে বের করে দিয়ে দরজা বন্ধ করে কথা বলেন। কয়েকদিন পর পর ছেলেটা আসতো। যখনই আসতো একই ঘটনা। কৌতুহল ধরে রাখতে না পেরে একদিন জিজ্ঞেস করি। বলেন, নাম শাহ আলম। তার সাথে বেশ কয়েকটা জ্বীন আছে। জ্বীনদের দিয়ে সে কিছু কাজ করায়। তার মাধ্যমে মিজান ভাই মাঝেমাঝে জ্বীনদের সাথে কথাও বলেন।

ব্যাপারটা অবিশ্বাষ্য বা গোলমেলে মনে হয়। ভুতপ্রেত জ্বীন পরি বিষয়গুলোকে আমি সব সময় রূপকথার চরিত্র মনে করে এসেছি। সেই জ্বীনের সাথে সাক্ষাৎ কথাবার্তা। তাও মিজান ভাইয়ের মত মানুষ! পরে জানতে পাই শুধু মিজান ভাই না, বাসার প্রায় সবাই শাহ আলমের জ্বীনদের সাথে কথা বলেছে। এই ছেলের বাড়ী বরিশাল অঞ্চলে। অনেক বছর আগে একটা বালক হঠাৎ গায়েব হয়ে গেলে বিস্তর খোঁজাখুঁজি শেষে তাকে উঁচু এক তালগাছের মাথায় পাওয়া যায়। ছেলেটাকে নামিয়ে আনলে বলেছিল কারা যেন তাকে ওখানে রেখে গেছে। এমন একটা নিউজ পত্রিকার পাতায়ও ছাপা হয়েছিল তখন। এই শাহ আলমই সেই ছেলে।

আমি মিজান ভাইকে চ্যালেঞ্জ করি। এটা হতেই পারে না। নিশ্চয়ই সবকিছু ছেলেটার বুজরুকী। কোন তেলেসমাতি করে সবাইকে বোকা বানাচ্ছে। ভাই বলেন তাহলে নিজেই যাচাই করে নাও। যাচাই করে নেওয়া মানে আমা জ্বীনদের মুখোমুখি হওয়া। প্রথমটায় ঘাবড়ে যাই। তারপর বেশ থ্রিলিং বোধ হতে থাকে। মনে মনে ঠিক করি সবাইকে বোকা বানানো গেলেও আমি শাহ আলমের বুজরুকী ধরবোই।

পরিকল্পনামাফিক এক বিকেলে দিনক্ষণ ধার্য হয়। মিজান ভাইয়ের বাসার একটা রুমে বসা হবে। আমার সাথে থাকবেন মিজান ভাইয়ের শ্যালক মতিন ভাই। তিনি আগেও কয়েকবার জ্বীনদের সাথে কথা বলেছেন। শাহ আলমের একজন সহকারি থাকবে। সে দায়িত্ব পালন করবে মিজান ভাইয়ের বড় ছেলে দীপু। দীপুর কাজ একটা কুলার মধ্যে কিছু চাল নিয়ে ঘষে চলা। রুমে ঢুকলে শাহ আলম দরজা আটকে দেয়। জানালাগুলো আগে থেকেই বন্ধ। ভারী পর্দা থাকায় বাইরে থেকে কোন আলো আসার উপায় নাই। এ রুমে কেউ থাকে না। একধারে একটা বড় খাট, এক দেয়াল ঘেষে লম্বামত একটা ওয়ারড্রোব। কয়েকটা চেয়ার, টেবিল। আমরা চারজন। আমি আর মতিন ভাই পাশাপাশি খাটে বসি, শাহ আলম আর দীপু আমাদের মুখোমুখি মেঝেতে। আমি খুবই সতর্ক থাকি। শাহ আলম বলে রুম অন্ধকার করে দেওয়া হবে। তারপরও যদি ঘরের মধ্যে কোন বাঘ ভাল্লুক বা জীবজন্তু দেখি যেন ভয় না পাই। ভয় কিছুটা পাচ্ছিলাম তবে সাহসের ভাব দেখাচ্ছিলাম। শাহ আলম সুইচ টিপে লাইট অফ করে দেয়। সুইচটা বাঁ পাশের দেওয়ালে। মতিন ভাই আমার বাঁয়ে, তিনি হাত বাড়িয়ে অনঅফ করতে পারেন।

রুম অন্ধকার হয়ে গেলে শাহ আলম উচ্চস্বরে কিছু দোয়া পড়তে শুরু করে। দীপু কুলায় চাল ঘষে চলে। আমি অপেক্ষায় আছি। পাঁচসাত মিনিট পর রুমের এক পাশে রাখা ওয়াড্রোবটার ওপর ধপ করে কিছু পরার আওয়াজ পাওয়া যায়। সাথে সাথে আর একটা। এবার রুমের অন্য পাশে। এর পর ধুপ ধুপ করে এখানে ওখানে। মনে হলো দশ বারোটা শব্দ। রুমটা বেশ বড় ছিল, মনে হচ্ছিল বেশ কয়েকজন ছুটে বেড়াচ্ছে ঘরের ভেতর। সাথে এখা-নওখান থেকে ভারী শ্বাষ ফেলা হুশশ ফোসস জাতীয় কিছু শব্দ। এমন সময় কিছু একটা আমার গা ঘেষে যায়। স্পর্শে মনে হলো মোটাতাজা কোন ছাগল বা ওই জাতীয় কোন রোমশ প্রাণী। শাহ আলম বলে উনারা এসে গেছেন, সালাম জানিয়ে আপনার যা বলার এখন বলতে পারেন। আমি সালাম দেই। একটা বয়স্ক ভারী কণ্ঠে শোনা যায় ওয়ালায়কুম আসসালাম। তারপর বলে ভাল আছেন বাবা। আমি বলি, জ্বী। এবার মনে হলো কেউ একজন বসলো সামনে। শাহ আলম যেখানটায় বসেছিল।

এ কথা ও কথার পর আমি বলি, আপনারা জ্বীনেরা কোথায় থাকেন। বয়স্ক কণ্ঠ বলে, আমরা সাধারনত: মানুষ বা বিভিন্ন প্রাণীর রুপ ধারন করে মানুষের মাঝেই থাকি। তবে আমাদের এই দলের নিবাস সুন্দরবন অঞ্চল। কথায় বরিশাল বা সুন্দরবন এলাকার টান। জানতে চাই জ্বীনেরা কত বছর বাঁচে। বলেন, সাধারনত: দেড় থেকে দুই হাজার বছর। তাঁর বয়স দেড় হাজার বছর। এটাও উল্লেখ করেন, তিনি খুবই ছোটবেলায় হযরত মুহাম্মদ (স:)কে দেখেছেন। এরপর বিভিন্ন প্রশ্ন। জানান, জ্বীনদের মধ্যে ভালও আছে মন্দও আছে। তারা মানুষের মতই নামাজ পড়ে, খারাপ জ্বীনরা পড়ে না। মন্দ কাজ করে বেড়ায়। তাদের মধ্যেও বিয়েশাদী হয়। তারা জন্ম এবং মৃত্যুর সময় মানুষ বা বিভিন্ন পশুপাখির রূপ ধারন করে। মানুষদের যে দেশ তাদেরও একই দেশ। প্রতিটি দেশেরই ভিন্ন ভিন্ন বাদশাহ আছে। তাদেরকে এক দেশ থেকে অন্য দেশে যাতায়ত করতে বাদশা'র অনুমতি নিতে হয়।

আমি জিজ্ঞেস করে করে আরও কিছু বিষয় জানি। সব এখন আর মনে নাই। মতিন ভাই বলেন হুজুর ভাইকে একটু দোয়া করে দেন। এবার বয়স্ক লোকটি বলে আপনার মাথাটা একটু ঝোকান। আমি মাথা কিছু নীচু করলে একটা হাত এসে ঠেকে মাথায়। হালকা করে চেপে ধরে। মনে হলো আঙুলগুলো বেশ মোটা মোটা। দোয়া যে করছিল, আওয়াজে মনে হচ্ছিল আমার থেকে দেড়/দুই ফিট দুরে তার অবস্থান। কিন্তু কথা বলার সময় তার মুখের বাতাস আমার মুখে এসে লাগছিল। বেশ জোরেই। এতক্ষণ পর্যন্ত সব শাহ আলমের বুজরুকি মনে করে হালকাভাবে নিচ্ছিলাম, এবার একটু সিরিয়াস হই। দেড়/দুই ফিট দুর থেকে কেউ কথা বললে কথা বলার বাতাস এভাবে এসে আমার মুখে লাগার কথা না। যেন কেউ ফু দিচ্ছে। দোয়া শেষ হয়। মাথায় একটা দুষ্টুবুদ্ধি চাপে। পাশে বসা মতিন ভাইকে বলি, ভাই সুইচ টিপে রুমের লাইটটা একটু জ্বালায় দেন, উনাদেরকে দেখি। আমার কথা বলাও শেষ সঙ্গে সঙ্গে টিউব লাইটটা খুলে পরে ঝনঝন করে ভেঙ্গে যায়। আমি চমকে উঠি। লাইটটা আপনাআপনি খুললো কিভাবে! সেটা তো অ নেক ওপ রে! পাশে বসা মতিন ভাইও কিছুটা ঘাবড়ে গেছেন মনে হলো।

এবার একটু দুর থেকে আর একটা কণ্ঠ শোনা যায়। মনে হয় অল্প বয়সী। নাম বলে কাঞ্চন। একটু রসিক প্রকৃতির বোঝা যায়। বলে দুলাভাই কাল দুপুরে গুলিস্তান হলের সামনে দিয়া কোথায় যাইতেছিলেন! আমি চমকে উঠি। কারন তার আগের দিন দুপুরে গুলিস্তান এলাকা দিয়ে পুরানা ঢাকায় গেছিলাম। এ পর্যায়ে বোধহয় আলোচনায় আরও দুইএকটা কণ্ঠ যুক্ত হয়েছিল। একজন বলে, ভাই প্রথম আলাপ হইলো কি খাইবেন? আমি বলি আপনারা আবার কি খাওয়াইবেন! মতিন ভাই বা কে একজন বলে মিষ্টির কথা। আমি না না করি। একজন আর একজনকে মিস্টি আনতে বলে। এটাওটা কথা হচ্ছে কাঞ্চনের সাথে। কিছু পর ধুপ করে কোলের ওপর একটা ভারী বস্তু এসে পরে। খানিকটা গড়ম। আমি বলি এটা কি। একজন বলে আপনার জন্য মিষ্টি। খাইতে পারেন, কোন সমস্যা নাই। এরপর অধিবেশন শেষ হয়। রুমের লাইট ভাঙ্গা। শাহ আলম দরজা খুলে দিলে বাইরের আলো আসে। দেখি কোলে একটা মিস্টির প্যাকেট। মহাখালীর জলখাবারের! সবাই মিলে খাওয়া হয়। কিন্তু খেতে গিয়ে মনে হলো খুব বেশীক্ষণ হয় নাই বানানো!

রুম থেকে বের হয়ে আমার ঘোর কাটে না। অনেকগুলো প্রশ্ন। যদি শাহ আলম একাই অতগুলো কণ্ঠে কথা বলে থাকে তাহলে একসাথে তা কি করে সম্ভব। দ্বিতীয়ত: বয়স্ক যে লোকটা আমার মাথায় হাত রেখে দোয়া করলো তার আঙুলগুলো অত মোটা কেন বা দেড়দুই ফুট দুরে থেকে কথা বললে কথা বলার বাতাস আমার মুখে অত জোরে এসে লাগবে কেন। আমার গা ঘেষে ছুটে গেল রোমশ প্রাণীটা, সেটা কে। আলো জ্বালার কথা বলার সাথে সাথে টিউব লাইটটা ভাঙলো কে। কাঞ্চন নামের লোকটা জানলো কি করে আগের দিন আমি গুলিস্তান এলাকায় গেছিলাম। মিষ্টি যদি আগেই রুমে আনা হয়ে থাকে মহাখালী থেকে তা কত আগে আনা হয়েছে, অত গড়ম থাকলো কিভাবে! সেশনশেষ করে মিজান ভাইয়ের রুমে এলে তিনি বলেন এবার বিশ্বাষ হইলো তো? আমি তারপরও মাথা চুলকে বলি, কিছু প্রশ্ন মাথায় ঘুরপাক খাচ্ছে, হিসাব মেলাতে পারলে বলতে পারবো।

শাহ আলমের এই জ্বীনদলের সাথে আরও একবার বসা হয়েছিল। এবার সাথে ছিলেন আমার মিসেস। এই সেশনে অন্যদের সাথে একটি মেয়ে জ্বীনও শামিল হয়। বসার আগে খাটের নীচ পরীক্ষা করে নিয়েছিলাম সেখানে কেউ লুকিয়ে আছে কি না। রুমে আর কোন দরজাও ছিল না যে কেউ ঢুকবে। সেদিনও সেই বয়স্ক কণ্ঠ মিসেসকে দোয়া করেছিলো। আমি রহস্যের কোন কিনারা করতে পারি না। দীপুকে একদিন জিজ্ঞাস করি সে কখনও তাদেরকে দেখেছে কিনা। দিপু বলে, মাত্র একদিন তারা দেখা দিয়েছিল। সেশন চলাকালে অল্প কিছু সময়ের জন্য লাইট জ্বালালে দেখে রুমের চারপাশে মেঝেতে আসনপেতে দশবারোজন পাগড়ীধারী হুজর বসে আছে। মিজান ভাই মেয়ে জ্বীনটির কথাও বলেন। সেশনে বসলে প্রায়ই নাকি সে আসে। কখনও মিজান ভাইয়ের পাশে গা ঘেষে বসে। বাবা ডাকে তাকে।

এই শাহ আলম নাকি আরও অনেকের বাসায় তদ্বির করে জ্বীন আনতো। এদের মধ্যে ছিলেন বড় চাকুরে ব্যবসায়ী রাজনীতিক আর্মির জেনারেল বিগ্রেডিয়ার র‍্যাংকের লোক। শাহ আলম নাকি জ্বীনদেরকে দিয়ে বাংলাদেশ ব্যাংকের ভল্ট থেকে টাকা আনাতো। অনেকে ধার নিতো। তবে নির্দিস্ট সময়ের মধ্যে ফেরত দিতে হতো। জ্বীনেরা গিয়ে জায়গামত জমা রেখে আসতো। এসব কথা মিজান ভাইয়ের কাছে শুনেছি। তবে একটা অবিশ্বাষ্য কথা এখনও প্রশ্ন হয়ে আছে। একবার নাকি ক্যান্টনমেন্টে কোন এক উর্দ্ধতন সেনা অফিসারের বাসায় শাহ আলমের একটা সেশন ছিল। সেখানে মিজান ভাই এবং তার মেঝ মেয়ে জেসমিন আমন্ত্রিত ছিলেন। সেদিনও নাকি শাহ আলম যথারীতি কুলায় চাল ঘষে এবং দোয়া পড়ে জ্বীন আনে। কিন্তু হঠাৎ কিছুক্ষনের জন্য কারও কোন আওয়াজ পাওয়া যায় না। একটুপর শাহ আলমের গোঙানী শোনা যায়। আওয়াজটা আসে ঘরের ছাদের দিক থেকে। কোনরকমে সে বলতে পারে লাইট জ্বালানোর জন্য। উপস্থিতরা কিছু বুঝতে না পেরে লাইট জ্বালান। এবং বিস্ময়ে হতবাক হয়ে দেখেন শাহ আলম হাত পা বাধা অবস্থায় ঘরের ফ্যানের সাথে ঝুলছে। কিছু দিয়ে মুখটাও বাধা। সবাই মিলে ধরে তাকে নামায়। বাধন এত শক্ত ছিল খোলা যায় নাই, ছুড়ি দিয়ে কাটতে হয়েছিল। নীচে নামানো হলে শাহ আলম বলে কি একটা দোষ নাকি করে ফেলেছিল বা নামাজ পড়ে নাই, এ জন্য শাস্তিস্বরূপ জ্বীনেরা তাকে বেঁধে ওভাবে ফ্যানের সাথে ঝুলিয়ে রেখে গেছে।

কত রকমের ঘটনাই তো ঘটে দুনিয়ায়। আমরা কয়টার খোঁজ রাখি। এরপর মিজান ভাইয়ের বাসায় শাহ আলমকে মাঝেমাঝে দেখতাম। কখনও হাতে সবুজ রঙের ছোট আকৃতির সাপ, কখনও কবুতর। বাসার লোকজন বলতো ওগুলো নাকি তার জ্বীন। তবে আমার আর তার সাথে কখনও বসা হয় নাই। আমিও অন্য কাজে ব্যস্ত হয়ে পরায় বিষয়টার গুরুত্ব কমে যায়। তারও বেশ কিছুদিন পর জানতে পাই শাহ আলমের জ্বীনগুলো সব মারা যাচ্ছে। অন্য এক জ্বীনধারী হুজুরের রোষে পড়েছিল। বাসার দোতালার বারান্দায় প্রায় প্রতিদিনই একটাদুইটা করে কবুতর এসে ছটফট করতে করতে মারা যেতো। আমিও এমন দুই একটা মরা কবুতর বারান্দায় পরে থাকতে দেখেছি। শাহ আলমকে খবর দিলে এসে নিয়ে গিয়ে কবর দিতো।

এর পর থেকে তাকে আর কোনদিন দেখি নাই।

ঈদ মুসলমানদের পবিত্র উৎসব

(শেষের পাতার পর)

ব্যবহৃত হয়ে থাকে। প্রকৃত অর্থে ঈদ শব্দটি 'আউদুন' শব্দ থেকে নির্গত যার অর্থ ফিরে আসা। যেহেতু ঈদ বছর বছর নতুন আনন্দ ও উৎসব নিয়ে মু'মিন মুসলমানের ঘরে ফিরে আসে তাই একে ঈদ বলা হয়। ঈদ মুসলিম মিল্লাতের সবচেয়ে বড় নৈতিক উৎসব। মানুষ সামাজিক জীব হিসাবে আনন্দ, উৎসব প্রিয়। পৃথিবীর প্রতিটি জাতি তাদের নিজ নিজ ঐতিহ্য অনুযায়ী তাদের আনন্দ, উৎসব পালন করে থাকে। এবং এ জন্য তাদের নির্দিষ্ট দিন ধার্য করা আছে। এ সমস্ত অনুষ্ঠানাদি পালনের ক্ষেত্রেও ভিন্নতা পরিলক্ষিত হয়। কোন কোন জাতি শুধুমাত্র রং তামাশা ও আমোদ প্রমোদের জন্যই উৎসব পালন করে থাকে। এর কোন দার্শনিক ও নৈতিক ভিত্বি আছে বলে মনে হয় না। উপরন্ত এই সব উৎসবের ভিন্ন স্বাদ ও মাত্রা যোগ করার জন্য এর সাথে বিভিন্ন নগ্নতা, অশ্লীলতা ও বেহায়াপনাকে জুড়ে দেয়া হয়। কিন্তু মুসলমানদের ঈদের দার্শনিক ও নৈতিক ভিত্তি রয়েছে। এর মাধ্যমে মুসলিম জাতির ইতিহাস-ঐতিহ্য, আকিদাহ-বিশ্বাস এবং নৈতিক প্রান শক্তির প্রতিফলন ঘটে থাকে। ইসলাম একটি পূর্ণাঙ্গ জীবন ব্যবস্থা। এবং ইসলামই হলো, আল্লাহর নিকট একমাত্র গ্রহনযোগ্য জীবন ব্যবস্থা। এ জীবন ব্যবস্থা কুরআন ও হাদিসের আলোকে পরিচালিত হয়। এটি পরিপূর্ণ ও স্বয়ং সম্পুর্ণ জীবন ব্যবস্থা। ইসলামে কোন কিছুই অন্যের থেকে ধার করে আনার কোন প্রয়োজন নেই। ফলে ইসলাম অন্যান্য জাতি-গোষ্ঠী ও সভ্যতা থেকে সম্পূর্ণ ভিন্নধর্মী এক সংস্কৃতিও প্রতিপালন করে থাকে। শুধুমাত্র সংস্কৃতির ক্ষেত্রে নয়, জীবনের প্রতিটি অঙ্গনেই ইসলামের একটা স্বাতন্ত্র রয়েছে। রাসুল সঃ ইসলামের সাধারন হুকুমের বেলায়ও অন্যান্য জাতি-গোষ্ঠীর আচার-আচরণ ও আনুষ্ঠানিকতার সাথে পার্থক্য নিরূপনের জন্য আল্লাহরই নির্দেশক্রমে কিছুটা ভিন্ন রূপদান করতেন। আর এ কারনেই আল্লাহ তা'আলা মুসলিমকে শ্রেষ্ঠ জাতির মর্যাদায় আসীন করেছেন। আবহমান কাল ধরে মুসলিম জাতি পৃথিবীর এ শ্রেষ্ঠত্বের আসনে সমাসীন হয়ে আছে। আল্লাহ রাব্বুল আলামীন বলেন:- তোমরাই সর্বোত্তম জাতি, সমগ্র মানব জাতির কল্যাণের জন্যই তোমাদের প্রেরণ করা হয়েছে। তোমরা সৎ কাজের আদেশ দিবে অসৎ কাজ থেকে বিরত রাখবে। (সুরা আল ইমরান-১১০)

পৃথিবীর প্রত্যেকটি জাতিই তাদের স্বাতন্ত্র্য রক্ষা করে থাকে তাদের নিজস্ব ইতিহাস, ঐতিহ্য, বৈশিষ্ট্য ও সংস্কৃতির মাধ্যমে। যে জাতি নিজস্ব ইতিহাস, ঐতিহ্য, ও তাহযীব-তমুদ্দনের প্রতি বেশী যত্নবান সে জাতি ততবেশী উন্নত। ব্যক্তি জীবন থেকে রাষ্ট্রীয় জীবনের সর্বক্ষেত্রে এ ঐতিহ্য ও সংস্কৃতিকে সমুন্নত রাখা একটি উন্নত জাতির প্রধান বৈশিষ্ট্য। যখনই কোন জাতি তাদের নিজস্ব বৈশিষ্ট্যের সাথে অন্যান্য জাতির বৈশিষ্ট্যকে অংশীদার করেছে তখনই জগাখিচুরী পাকিয়ে একটি হ-য-ব-র-ল মেরুদ-হীন জাতিতে পরিণত হয়েছে। পূর্বেই বলা হয়েছে যে, মুসলিম জাতি পৃথিবীর সর্বশ্রেষ্ঠ জাতি। কারণ মুসলিম জাতির রয়েছে আল্লাহ প্রদত্ত সর্বশ্রেষ্ঠ জীবনাচরণ। যারা আল্লাহকে ভয় করতে চায়, তাদের পৃথিবীতে নিশ্চিন্তে পথ চলার একমাত্র উত্তম গাইড হলো আল-কুরআন। যারা এ মহা গ্রন্থকে জীবনের সর্বক্ষেত্রে একমাত্র নির্দেশীকা হিসাবে গ্রহণ করতে পেরেছে, তারা প্রকৃত পক্ষেই একটি মজবুত অবলম্বন ধারণ করেছে। তাই প্রতিটি মুসলিমের কথা বার্তা, আচার-আচরণ, লেনদেন, চাল-চলন ও সমাজ-সংস্কৃতি তথা প্রতিটি কাজ ও আচরনই হতে হবে আল-কুরআনের পুর্ণ অনুসরণে।

কিন্তু অত্যন্ত পরিতাপের বিষয় এই যে, আমাদের এ সোনারবাংলা যেখানকার অধিকাংশ অধিবাসী ইসলামকে পছন্দ করেন, ইসলাম অনুযায়ী নিজেদের সকল কিছু পরিচালনা করার ইচ্ছা পোষণ করেন। কিন্তু গুটিকয় পরগাছা, মুসলিম নামের কলঙ্ক, যারা বিদেশীদের দালাল হিসাবে পরিচয় দিতে নিজেদের গর্ববোধ করেন, তারা তাদের দখলে থাকা মিডিয়ার মাধ্যমে ইসলামী অনুষ্ঠানগুলোকে বিকৃতভাবে উপস্থাপন করে দেশ ও জাতিকে বিভ্রান্ত করছে। বিশেষ করে মুসলমানদের দুটি বৃহৎ পবিত্র উৎসব ঈদ তথা ঈদুল ফিতর ও ঈদুল আযহার ওপর এদের কালো থাবাটা অত্যন্ত মারাত্মক। তারা পবিত্র ঈদকে আজ বিজাতীয় সংস্কৃতির দ্বারা এমনভাবে সাজিয়েছে যে, এর প্রকৃতরূপ জাতি এখন প্রায় হারাতে বসেছে। এর প্রভাব এতটাই কার্যকর হয়েছে যে, ব্যক্তিগত পর্যায় থেকে শুরু করে রাষ্ট্র পর্যন্ত ইসলামের পবিত্র ও সুস্থ এ সংস্কৃতিটির বিকৃতি সাধনে তৎপর। মনে হয় পবিত্র এ উৎসবের সাথে অসংখ্য বিজাতীয় ও অপবিত্র উৎসবের সংযোজন না ঘটালে ঈদের প্রকৃত আনন্দটাই মাটি হয়ে গেল। ঈদ উপলক্ষে রাষ্ট্রীয় যন্ত্রগুলো এমন সব উদ্ভট অনুষ্ঠান মালার আয়োজন করেন, যা দেখলে দৃষ্টির বিভ্রাট ঘটে। মনে করতে পারি না যে, এটি কি আসলে ৯০% মুসলমানের দেশের রাষ্ট্রীয় যন্ত্র ? এটি কি কোন মুসলমানের ঈদ উৎসব?না কি ভিনদেশের ভিন জাতির কোন উৎসব? পৃথিবীর অন্যন্য জাতি-গোষ্ঠী তাদের বড় কোন উৎসবের অনুষ্ঠানমালায় আমাদের মত এ ধরনের মিশ্র উৎসব পরিপালন করতে তেমন একটা দেখা যায় না। হিন্দু জাতির বড় ধরনের উৎসব হলো দূর্গা উৎসব। কই কোথাও তো দেখা যায় না যে তারা আমাদের মত মিশ্রণ প্রিয় মুসলমানদের ন্যায় কিছু মুসলিম সংস্কৃতি, কিছু পশ্চিমা বা কিছু অন্যন্য জাতির সংস্কৃতি থেকে ধার করে নিয়ে এক সংমিশ্রন উৎসব পালন করতে। এ তো গেল আমাদের রাষ্ট্র নিয়ন্ত্রিত ঈদ উৎসবের কথা। আমাদের ব্যক্তি পর্যায় কিন্তু কোন দিক থেকে পিছিয়ে নেই।

জাহেলিয়াত যুগে ইবাদাতের সাথে মুশরিকী ও জাহেলী ক্রিয়া কর্মের সংমিশ্রণ ঘটিয়ে তা পালণ করা হতো। বিশেষ করে হজ অনুষ্ঠানটি মেলা, সকল প্রকার তামাশা, উৎসব ও উলঙ্গপনাসহ পালিত হতো। আমরা এ গুলো থেকে কি কোন অংশে পিছিয়ে আছি? আমরা বরং তার চেয়েও আগ বাড়িয়ে আমরা এমন কিছু কিছু রসম-রেওয়াজ প্রবর্তন করেছি. যেগুলো জাহেলিয়াতের প্রচ-লিত কুসংস্কারকেও হার মানায়। একটি মাস সিয়াম সাধনার মাধ্যমে তাক্ওয়া অর্জনের কি প্রশিক্ষণ গ্রহণ করলাম? উচিৎ ছিল সিয়াম সাধনার মাধ্যমে এমন শক্তি অর্জন করবো, যাকে তাক্ওয়া বা তাক্ওয়ার শক্তি বলা হয়। সে শক্তির মাধ্যমে জীবন চলার বাঁকে বাঁকে শয়তান কর্তৃক পেঁতে রাখা অতি লোভনীয় বস্তুকে বর্জন করে ভাল কাজের জন্য অগ্রসর হতে পারবো। কিন্তু সাওয়ালের ২/৩ দিন ঈদ উৎসবের নামে যে পাগলামী শুরু হয়, তা দেখে শয়তানও মুছকী হাসে। শয়তান হয়ত অনেকটা চ্যালেঞ্জের স্বরে এমনটি বলতে পারে যে, একটি মাস আমাকে বন্দী করে রাখা হলেও আমি আমার এমন অসংখ্য যোগ্য প্রতিনিধি তৈরি করে এসেছি, যারা পুরো রমযানসহ ঈদ উৎসবে এমন সব উদ্ভট বিষয়ের প্রদর্শন বা উপস্থাপণ করবে, যা দেখে অনুভব করতে পারবেন রমযানের রোযা কতজনকে "তাক্ওয়ার" গুণের অধিকারী করতে পেরেছে। আল্লাহর রাসুল সঃ এ জন্যই বলেছেন: "কতক রোযাদার এমন রয়েছেন যাদের রোযা শুধু ক্ষুধা ছাড়া কিছুই দেয় না, কতক রাত্রি জাগরণকারী এমন রয়েছেন যাদের রাত্রি জাগরণ শুধু জাগরণ ছাড়া আর কিছুই পায় না। রাসুল সা: আরো বলেছেন,"কেউ যদি মিথ্যা কথা বলা ও তদনুযায়ী কাজ করা পরিত্যাগ না করে তবে তার শুধু খাদ্য ও পানীয় পরিত্যাগ করায় আলাহর কোন প্রয়োজন নেই।"

আমাদের ঈদ উৎসব দেখে রাসুল সাঃ এ হাদীসটিই বেশী বেশী মনে পড়ে। রমযানের রোযার আগে যেখানে ছিলাম সেখানেই তো রয়ে গেলাম। বরং রমযানে অতিরিক্ত কিছু কু-কাজ বেশী সংঘঠিত হয়েছে মাত্র। ঈদ উৎসব পালনের নামে আরো কিছু কুকাজ ও আচরণ দেখা যাবে। অথচ আল্লাহ তা'আলা বলেন: "যে পন্থা আল্লাহ তোমাদেরকে জানিয়ে দিয়েছেন, ঠিক তদনুযায়ী আল্লাহর স্মরণ কর যদিও এর পুর্বে তোমরা পথভ্রষ্ট ছিলে।"(সুরা বাকারা ঃ ১৯৮)

এমনটি হওয়ার প্রকৃত কারণ হলো. আমরা সিয়াম সাধনায় মূল লক্ষ্য ও উদ্দেশ্যকে পিছনে ঠেলে দিয়ে গতানুগতিক বা স্রেফ একটি অনুষ্ঠানই পালন করে এসেছি। ফলে এ লক্ষ্যহীন রোযা কোন কাজে আসেনি। যেমন লক্ষ্যহীন নামায খারাপ কাজ থেকে মানুষকে বিরত রাখতে পারছে না, লক্ষ্যহীন যাকাত পবিত্রতা দান করতে পারছে না তেমনি লক্ষ্যহীন রোযাও তাকওয়ার গুণ সৃষ্টি করতে পারছেনা। তাই রমযান শেষে ঈদ উৎসবে এমন সব উদ্ভট কাজ আমরা করে থাকি যা দেখে মনে হয় না যে, এ লোকগুলো এই তো এই মাত্র আল্লাহর কোন প্রশিক্ষণ কেন্দ্র থেকে তাক্ওয়ার কোর্স শেষ করে বেরিয়ে এসেছে। বরং মনে হয় এই মাত্র শয়তান কর্তৃক পরিচালিত কোন প্রশিক্ষণ কোর্স অত্যন্ত সফলতার সাথে শেষ করে এসেছে।

ইসলামী সংস্কৃতি কুরআন-সুন্নাহ ভিত্তিক ইসলামী জীবনাদর্শের অবিচ্ছেদ্য অংশ। কিন্তু আমাদের মুসলিম নামদারী কিছু কিছু লোক ভোগবাদী জীবন ব্যবস্থায় অভ্যস্ত হয়ে এ দেশের ইসলামের পবিত্র অনুষ্ঠানগুলোকে চরমভাবে কুলষিত করছে। আল-কুরআনের আলোকে এরা পশু বা পশুর চেয়েও অধম। আমাদের তথাকথিত প্রগতিবাদীরা এ সংস্কৃতিকে এদেশে চালু করার প্রয়াস চালায়। আমাদের সচেতন মুসলমান এ সব ক্ষেত্রে অবচেতনারই পরিচয় দিয়ে যাচ্ছেন। এখনো চেতনা জাগ্রত করার সময় আছে। দয়া করে দেশ, জাতি ও ভবিষ্যত প্রজন্মকে বিজাতীয় সংস্কৃতির ধ্বংস থেকে উদ্ধার করুন।

হত্যা মামলার আসামী

(শেষের পাতার পর)

বিভাগের নথিতে গ্রেপ্তার হওয়া ব্যক্তিকে আমেরিকান হিসেবে উল্লেখ করা হয়েছে।

বিবৃতিতে যুক্তরাষ্ট্রের বিচার বিভাগ জানিয়েছে, হত্যার অভিযোগে গ্রেপ্তার ব্যক্তিকে গত ৪ এপ্রিল বৃহস্পতিবার আদালতে তোলা হয়েছিল। তাঁর বিরুদ্ধে দুটি অভিযোগ আনা হয়েছে। একটি হলো বিদেশে একজন আমেরিকান নাগরিককে হত্যা। অন্যটি সশস্ত্র সহিংসতার সময় আগ্নেয়াস্ত্র সঙ্গে রাখা, বহন ও ব্যবহারের বিষয়ে। অপরাধ প্রমাণিত হলে যুক্তরাষ্ট্রের আইনে তার যাবজ্জীবন কারাদন্ড হতে পারে।

বিবৃতিতে মুখ্য উপসহকারী অ্যাটর্নি জেনারেল নিকোল এম আর্জেন্টিয়েরি বলেন, 'যখন একজন আমেরিকান বিদেশে আরেকজন আমেরিকানকে হত্যা করেছেন, তখন তাকে গুরুতর পরিণতি ভোগ করতে হবে। সহিংস অপরাধ যেখানেই সংঘটিত হোক না কেন, ফৌজদারি বিচার শাখা আমেরিকান নাগরিকদের বিরুদ্ধে অপরাধের তদন্ত ও বিচার করতে প্রতিশ্রুতিবদ্ধ। অপরাধীদের তাদের কাজের জন্য জবাবদিহি করতে হবে।

আদালতের নথি অনুযায়ী, নিউইয়র্কের ব্রঙ্কসের বাসিন্দা গেনেট রোজারিও (৫২) বাংলাদেশে মাইকেল রোজারিওকে ২০২১ সালের ১১ জুন বা কাছাকাছি সময়ে হত্যা করে। গেনেট রোজারিওর বিরুদ্ধে অভিযোগ, তিনি আগ্নেয়াস্ত্র ব্যবহার করেছেন এবং এর মাধ্যমে হত্যা করেছেন।

নিউইয়র্কের সাউদার্ন ডিস্ট্রিক্টের অ্যাটর্নি ড্যামিয়ান উইলিয়ামস বলেন, 'আমেরিকান নাগরিক গেনেট রোজারিও বাংলাদেশে একজন আমেরিকানকে হত্যা করেছেন বলে অভিযোগ আনা হয়েছে। এ থেকে বোঝা যায়, আইন প্রয়োগকারী অংশীদারদের সঙ্গে এই অফিসের (অ্যাটর্নি অফিস) যোগাযোগ অনেক বিস্তৃত। নিউইয়র্কের নারী ও পুরুষদের সুরক্ষায় আমাদের অঙ্গীকার ভৌগোলিক সীমানার বাইরেও রয়েছে।

যুক্তরাষ্ট্রের ফেডারেল তদন্ত ব্যুরো এফবিআইয়ের লস অ্যাঞ্জেলেস ফিল্ড অফিসের ভারপ্রাপ্ত অ্যাসিস্ট্যান্ট ডিরেক্টর মেহতাব সাইদ বলেন, যুক্তরাষ্ট্রের স্বার্থ ও আমেরিকান নাগরিকদের ওপর প্রভাব ফেলে, বিদেশে সংঘটিত এমন অপরাধগুলো তদন্তে এফবিআই উল্লেখযোগ্য সম্পদ ব্যয় করছে। বিদেশের মাটিতেও কেউ আমেরিকানদের সঙ্গে অপরাধ করলে এফবিআইয়ের তদন্তের মাধ্যমে তাকে জবাবদিহি করানোর উদ্যোগ নেওয়া হবে।

এফবিআই নিউইয়র্ক ফিল্ড অফিসের ভারপ্র

মসজিদ মিশন সেন্টারের কমিউনিটি ইফতার ও দোয়া মাহফিল অনুষ্ঠিত







নিউইয়র্ক (ইউএনএ): নিউইয়র্কের হাজী ক্যাম্প মসজিদ হিসেবে পরিচিত জ্যামাইকার মসজিদ মিশন সেন্টারের উদ্যোগে কমিউনিটি ইফতার ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে। প্রতি বছরের মতো এবছরও গত ৫ এপ্রিল শুক্রবার সেন্টারে এই অনুষ্ঠানের আয়োজন করা হয়। এতে কমিউনিটির বিশিষ্ট ব্যক্তিবর্গ ও নিয়মিত মুসল্লী সহ সর্বস্তরের সাড়ে চার শতাধিক ধর্মপ্রাণ নারী-পুরুষ অংশ নেন। অনেকে পরিবার-পরিজন নিয়েও এতে অংশ নেন। নিউইয়র্ক সিটি ছাড়াও লং আইল্যান্ড থেকেই অনেকে যোগ দেন এই মাহফিলে। খবর ইউএনএ'র।

মাহফিলে মানব জাতির কল্যানে পবিত্র রমজানের গুরুত্ব ও তাৎপর্য নিয়ে বক্তব্য রাখেন মসজিদ মিশন সেন্টারের ইমাম মঞ্জুরুল করীম ও মুফতি আব্দুল মালেক। এছাড়াও বিশেষ মুনাজাত পরিচালনা করেন সেন্টারের পেশ ইমাম ও খতিব হাফেজ রফিকুল ইসলাম।

মাহফিলে বক্তারা রমজানের শিক্ষা নিয়ে জীবন অতিবাহিত করার উপর গুরুত্বারোপ করেন এবং পবিত্র আল কোরআনের আলোকে জীবন গড়ার জন্য মুসল্লীদেও প্রতি আহ্বান জানান।





ইফতার মাহফিলে খালেদা জিয়ার সুস্থ্যতা কামনা

নিউইয়র্ক (ইউএনএ): বাংলাদেশের স্বাধীনতা দিবস পালন উপলক্ষ্যে যুক্তরাষ্ট্র জিয়া পরিষদ আয়োজিত অনুষ্ঠানে প্রবাসের তিন বীর মুক্তিযোদ্ধাকে ফুলেল শুভেচ্ছা জানিয়ে সম্মানিত করা হয়েছে। সেই সাথে পবিত্র মাহে রমজান উপলক্ষ্যে ইফতার ও দোয়া মাহফিলও অনুষ্ঠিত হয়। দোয়া মাহফিলে স্বাধীনতা যুদ্ধে সকল শহীদ সহ স্বাধীনতার ঘোষক শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের (বীরত্তোম) বিদেহী আত্মার মাঘফেরাত কামনা এবং বিএনপি চেয়ারপার্সন বেগম খালেদা জিয়ার সুস্থ্যতা কামনা করা হয়। খবর ইউএনএ'র।

সিটির জ্যাকসন হাইটসের একটি পার্টি হলে ৩১ মার্চ রোববার সন্ধ্যায় আয়োজিত অনুষ্ঠানে সভাপতিত্ব করেন কেন্দ্রীয় জিয়া পরিষদের ভাইস চেয়ারম্যান ও যুক্তরাষ্ট্র শাখার আহ্বায়ক শামসুল ইসলাম মজনু। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন যুক্তরাষ্ট্র বিএনপি'র প্রতিষ্ঠাতা সভাপতি ডা. মজিবুর রহমান মজুমদার। অনুষ্ঠানে বক্তব্য রাখেন ড. মিজানুর রহমান, মোশাররফ হোসেন সবুজ, আলমগীর খান, এডভোকেট খন্দকার জাকির, আইনুল হক চৌধুরী, মোহাম্মদ শাহ আলম প্রমুখ। দোয়া মাহফিল পরিচালনা করেন মাওলনা ইমরান সিকদার। অনুষ্ঠান পরিচালনা সংগঠনের সদস্য সচিব জাকির হাওলাদার।

অনুষ্ঠানের বিশেষ অতিথি বীর মুক্তিযোদ্ধা যথাক্রমে মীর মশিউর রহমান, মোহাম্মদ সুরুজ্জামান ও মোহাম্মদ সেলিম-কে বিশেষভাবে সম্মানিত কর হয়। অনুষ্ঠানে বক্তারা স্বাধীনতা যুদ্ধে সকল শহীদের প্রতি গভীর শ্রদ্ধা জানিয়ে বলেন, আমাদের দূর্ভাগ্য বাংলাদেশ স্বাধীনতার ৫৩ বছর পরও আমাদেরকে স্বাধীনতার ইতিহাস নিয়ে পক্ষে-বিপক্ষে নিয়ে তর্ক-বিতর্ক করতে হয়। স্বাধীনতার বীরগণ আজো অসম্মানিত, অবহেলিত। বক্তারা বলেন, আওয়ামী লীগ সরকার দেশকে বিভক্ত করে ফেলেছে, দেশে এক নায়কতন্ত্র কায়েম করেছে, তথাকথিত গণতন্ত্রের নামে দেশে এক ব্যক্তির শাসন কায়েম করেছে। এসব থেকে দেশকে রক্ষা করতে হয়ে সকল দেশপ্রেমিক জনগণকে ঐক্যবদ্ধ হয়ে সকল অনিয়মের বিরুদ্ধে রুখে দাঁড়াতে হবে। বক্তারা বলেন, দলের নেতা-কর্মীদের বিভেদ-বিভক্তি ভুলে বিএনপিকে শক্তিশালী করতে হবে। সভায় কোন কোন বক্তা ভারতীয় পণ্য বর্জনের জন্য দেশপ্রেমক বাংলাদেশীদের প্রতি আহআন জানান।

ব্রঙ্কসে চার পেশাজীবির যৌথ ইফতার ও দোয়া মাহফিল







নিউউয়র্ক (ইউএনএ): নিউইয়র্কের বাংলাদেশী অধ্যুষিত ব্রঙ্কসের চারজন পেশাজীবি পবিত্র রমজান উপলক্ষ্যে যৌথভাবে ইফতার ও দোয়া মাহফিলের আয়োজন করেন। গত ৩ এপ্রিল বুধবার স্থানীয় একটি পার্টি হলে এই অনুষ্ঠানের আয়োজন করা হয়। কমিউনিটির পরিচিত মুখ ও কমিউনিটি বোর্ডের চেয়ার এডভোকেট এন মজুমদার, জাকির চৌধুরী সিপিএ, রিয়েলটর ইমাম হাসান এবং মর্টগেজ লোন স্পেশালিষ্ট আজাদুল ইসলামের পক্ষ থেকে আয়োজিত এই মাহফিলে একই ছাতার নীচ থেকে কমিউনিটিকে সেবা দানের প্রতিশ্রুতি দেয়া হয়। খবর ইউএনএ'র।

অনুষ্ঠানে এমন ইফতার মাহফিল আয়োজনের লক্ষ্য ও উদ্দেশ্য তুলে ধরেন এডভোকেট এন মজুমদার, জাকির চৌধুরী সিপিএ ও রিয়েলটর ইমাম হাসান। বিরূপ প্রকৃতির মধ্যে অনুষ্ঠানে বিপুল সংখ্যক প্রবাসী বাংলাদেশী অংশ নেন।

মাহফিলে উপস্থিত প্রবাসীদের উদ্দেশ্যে তারা বলেন, বাড়ী ক্রয়ের ক্ষেত্রে যাবতীয় আইন-কানুন মেনে চলার পাশাপাশি ট্যাক্স ফাইলিং, ব্যাংক লোন প্রভৃতি বিষয় জড়িত। এসব বিষয়ে এক ছাতার নীচ থেকে আমরা কমিউনিটির সংশ্লিষ্টদের সহযোগিতা করতে উদ্যোগ গ্রহণ করেছি। আর এই উদ্যোগের অংশ হিসেবেই ইফতার ও দোয়া মাহফিলের আয়োজন করা হয়েছে। আগামীতে সিটির বিভিন্ন বরোতে কমিউনিটি সভা-সেমিনার করে এব্যাপারে সচেতনতা বৃদ্ধি করা হবে।

নিউইয়র্কে ভাটেরা যুবসমাজ'র দোয়া ও ইফতার মাহফিল অনুষ্ঠিত

বিশেষ প্রতিনিধি: ভাটেরা যুবসমাজ ইউএসএ'র উদ্যোগে নিউইয়র্ক তথা যুক্তরাষ্ট্রে অবস্থানরত ভাটেরাবাসীদেরকে নিয়ে প্রথমবারের মত ইফতার ও দোয়া মাহফিল করেছে ভাটেরা যুব সমাজ। গত ২৭ মার্চ বুধবার সিটির ওজন পার্কের মদিনা পার্টি হলে এই অনুষ্ঠানের আয়োজন করা হয়।



হাফিজ শাহ আলমের কুরআন তেলাওয়াতের মাধ্যমে সুরমান ও ফয়ছলের যৌথ সঞ্চালনায় অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বিশিষ্ট মুরব্বি হাজি আব্দুস ছমেদ সিদ্দিকী। এতে প্রধান অতিথি ছিলেন ব্যারিস্টার সৈয়দ সায়েদুল হক সুমন এমপি। বিশেষ অতিথি ছিলেন ভাটেরার বিশিষ্ট মুরব্বি শেখ আব্দুল মতিন (আলতা), জালালাবাদ এসোসিয়েশন অব আমেরিকার (একাংশ) সভাপতি এডভোকেট শাহিন কামালী, সাধারণ সম্পাদক মইনুল ইসলাম ও সাবেক সাধারণ সম্পাদক মিজানুর রহমান সেফাজ।



অনুষ্ঠানে মিলাদ ও মোনাজাত পরিচালনা করেন কাজী মাওলানা শেখ সাইফুল আলম সিদ্দিকী। স্বাগত বক্তব্য রাখেন আদনান বাশার তালুকদার নিজাম। এছাড়াও সিলেটি ভাষায় ছড়া আবৃত্তি করেন শাহ মিজানুর রহমান। অনুষ্ঠানের শুরুতে নবনির্বাচিত এমপি ব্যারিষ্টার সুমনকে সংগঠনের পক্ষ থেকে ফুলেল শুভেচ্ছা জানানো হয়।

অনুষ্ঠানে উল্লেখযোগ্য ব্যক্তিবর্গের মধ্যে ভাটেরার বয়োজ্যেষ্ঠ মুরব্বি হাজি শেখ আখদ্দছ আলী সিদ্দিকী, হাজী আবুল কালাম সিদ্দিকী. ম্যানহাটন মদিনা মসজিদের সেক্রেটারি এনায়েত হুসেন জালাল, কুলাউড়ার বিশিষ্ট মুরব্বি লুৎফুর রহমান চৌধুরী, আবুল খায়ের রেজাউল করিম রেনু, হাজি সুরুজ মিয়া, সাবু মিয়া, হেলিম উদ্দিন, শেখ লেবু মিয়া তালুকদার, ছিলিক মিয়া, আব্দুল জব্বার সিদ্দিকী, শামিম আহমদ, আফাজুর রহমান চৌধুরী ফাহাদ প্রমুখ সহ নিউইয়র্ক ও নিউজার্সীতে অবস্থানরত ভাটেরাবাসীরা উপস্থিত ছিলেন।

বছর শেষে কাউন্সিলের চিন্তা

(প্রথম পাতার পর)

শেষে কাউন্সিলের চিন্তাও করছে দলটি। বিএনপির স্থায়ী কমিটির সদস্য ড. আব্দুল মঈন খান আলাপকালে বলেন, বিএনপির আন্দোলনের মূল লক্ষ্যই হচ্ছে এ দেশের ভোটবঞ্চিত জনগণের ভোটাধিকার পুনঃপ্রতিষ্ঠা করা, দেশে একদলীয় শাসনের পরিবর্তে গণতন্ত্র ফিরিয়ে আনা। এই লক্ষ্য থেকে বিএনপি বিন্দুমাত্র পিছপা হয়নি। গণতন্ত্র পুনরুদ্ধারের যে আন্দোলন চলছে, সেটি অব্যাহত থাকবে। বিএনপি রাজপথে থাকা সব বিরোধী দলকে সাথে নিয়ে ঐক্যবদ্ধভাবে এই সংগ্রাম চালিয়ে যাবে। সরকারের পদত্যাগ ও নিরপেক্ষ সরকারের অধীনে নির্বাচনের দাবিতে বিএনপি ও এর মিত্রদের দীর্ঘ আন্দোলন ও নির্বাচন বর্জনের মধ্য দিয়ে গত ৭ জানুয়ারী দ্বাদশ সংসদ নির্বাচন সম্পন্ন হয়। বিরোধীরা নির্বাচন বর্জন করলেও টানা চতুর্থ মেয়াদে ক্ষমতার রশি ধরে রাখতে আওয়ামী লীগকে তেমন বেগ পোহাতে হয়নি। বিএনপির অভিযোগ, নির্বাচনের আগে দলের মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর, স্থায়ী কমিটির সদস্য মির্জা আব্বাস ও আমীর খসরু মাহমুদ চৌধুরীসহ ২৭ হাজারের অধিক নেতাকর্মীকে গ্রেফতার করে জোর করে ওই ভোট করেছে ক্ষমতাসীন আওয়ামী লীগ। বিএনপির দাবি, তাদের আহ্বানে সাড়া দিয়ে দেশের সংখ্যাগরিষ্ঠ জনগণ একতরফা ও আসন ভাগাভাগির ওই নির্বাচন বর্জন করেছে। এর ফলে ক্ষমতাসীনদের নৈতিক পরাজয় এবং বিএনপির নৈতিক বিজয় হয়েছে।

তবে বিএনপির সাথে আন্দোলনে থাকা দলগুলো নির্বাচন পরবর্তী অভ্যন্তরীণ আলোচনায় রাজপথের দীর্ঘ আন্দোলনে সরকারের পতন না হওয়ায় বিএনপিকে আন্দোলনের সফলতা-ব্যর্থতা মূল্যায়নের তাগিদ দেয়। নির্বাচনের পর সিরিজ বৈঠকে বিএনপিকে ওই তাগাদা দেন তারা। সেখানে সংসদ বাতিল ও নির্দলীয় সরকারের অধীনে নতুন নির্বাচনের দাবিতে আন্দোলন অব্যাহত রাখার সিদ্ধান্তও নেয় বিএনপি ও যুগপতের শরিকরা। তবে নির্বাচনের পর বিএনপির অগ্রাধিকার ছিল কারাবন্দী নেতাদের আগে জামিনে মুক্ত করা। তাই কৌশলের অংশ হিসেবে নেতাদের কারামুক্তিতে ঝামেলা এড়াতে সরকারবিরোধী বড় কোনো কর্মসূচিতে যায়নি দলটি। গত তিন মাসে বিএনপি ও অঙ্গ-সহযোগী সংগঠনের কারাবন্দী প্রায় সবাই জামিনে কারামুক্ত হয়েছেন। ২৮ অক্টোবর ঢাকায় মহাসমাবেশ ঘিরে পুলিশের সাথে সংঘর্ষের ঘটনায় বিভিন্ন মামলায় আত্মগোপনে থাকা নেতারাও এরই মধ্যে জামিন পেয়ে দলীয় রাজনীতিতে সক্রিয় হয়েছেন। এমন প্রেক্ষাপটে সরকারবিরোধী আন্দোলনের পর সারা দেশে ঝিমিয়ে পড়া সংগঠন ও হতাশাগ্রস্ত নেতাকর্মীদের চাঙ্গা ও উজ্জীবিত করতে রমজানে কেন্দ্র থেকে তৃণমূল পর্যন্ত ইফতার মাহফিল করার সিদ্ধান্ত নেয় বিএনপি। নেতাকর্মীদের ব্যাপক উপস্থিতির মধ্য দিয়ে দেশব্যাপী মহানগর, জেলা ও উপজেলা এবং ঢাকা মহানগরে ওয়ার্ড পর্যায় পর্যন্ত এসব ইফতার মাহফিল করছে দলটি। সেখানে দলীয় সিদ্ধান্ত অনুযায়ী সংগঠনের সদ্য কারামুক্ত নেতাদের ফুলের মালা পরিয়ে সংবর্ধনা দেয়া হয়েছে। নেতাকর্মীদের উৎসাহিত করতে কেন্দ্রীয় কর্মসূচি ছাড়াও সাংগঠনিক বিভিন্ন জেলায় ইফতার মাহফিলে দলের ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান ভার্চুয়ালি উপস্থিত থেকে বক্তব্য দিয়েছেন। এছাড়া ঈদ উপলক্ষে গণতন্ত্র পুনরুদ্ধার আন্দোলনে গুম-খুন ও পঙ্গুত্বের শিকার বিএনপি ও অঙ্গ সংগঠনের কয়েক হাজার নেতাকর্মীর পরিবারে এবারো দলের পক্ষ থেকে আর্থিক সহায়তা প্রদান করা হচ্ছে। এসব কর্মকান্ডের মধ্য দিয়ে সংগঠনকে পুনরায় চাঙ্গা করার চেষ্টা করছে বিএনপি।

এদিকে নির্বাচনের পর দলীয়ভাবে কিছু কর্মসূচি পালিত হলেও যুগপৎভাবে কোনো কর্মসূচি হয়নি। তবে মিত্রদের সাথে বিএনপির নিয়মিত যোগাযোগ রয়েছে। এই সময়ে বিএনপি সংসদ বাতিল, একদফা দাবি এবং দ্রব্যমূল্যের ঊর্ধ্বগতির প্রতিবাদে দলীয়ভাবে কালো পতাকা মিছিল, লিফলেট বিতরণ ও গণসংযোগের মতো কর্মসূচি পালন করেছে। দলগতভাবে অনুরূপ কর্মসূচি করেছে যুগপতের শরিকরাও। তবে ঈদের পরে সরকারবিরোধী আন্দোলনের কর্মসূচি ও কৌশল কী হবে, তা নিয়ে চিন্তাভাবনা করছে বিএনপি। সম্প্রতি স্থায়ী কমিটির বৈঠকে এ নিয়ে একদফা আলোচনা হয়েছে, তবে সিদ্ধান্ত হয়নি।

জানা গেছে, ঈদের পর এ নিয়ে যুগপতের শরিকদের সাথে বৈঠকে বসবে বিএনপি। সেখানে নতুন কর্মসূচির বিষয়ে সিদ্ধান্ত হবে। নির্বাচনের পরে গণতন্ত্র মঞ্চসহ শরিকদের সাথে বিএনপির পৃথক বৈঠক হলেও কর্মসূচির বিষয়ে কোনো সিদ্ধান্ত হয়নি। সেখানে মূলত বিগত আন্দোলনের সফলতা-ব্যর্থতা নিয়ে আলোচনা-বিশ্লেষণ হয়।



গণতন্ত্র মঞ্চের পক্ষ থেকে ভবিষ্যতের স্বার্থে বিএনপিকে বিগত আন্দোলন সফল না হওয়ার একটি সঠিক ও যথাযথ মূল্যায়ন করার তাগাদা দেয়া হয়। মঞ্চের নেতারা মনে করেন, পূর্ণাঙ্গ মূল্যায়নের ভিত্তিতে পরবর্তী করণীয় নির্ধারিত না হলে আগামীর আন্দোলনে সফলতা নিয়েও সংশয় থেকে যাবে। এছাড়া সরকারি চাপ ও প্রলোভন উপেক্ষা করে রাজপথে একদফার আন্দোলনে সক্রিয় থাকায় বিএনপির হাইকমান্ডের পক্ষ থেকে শরিকদের ধন্যবাদ জানানো হয়। এদিকে রাজপথের কর্মসূচিতে সরকারের পতন না হওয়ায় নির্বাচনের পরপরই আন্দোলনের সাফল্য-ব্যর্থতার মূল্যায়ন শুরু করে বিএনপির হাইকমান্ড। সীমিত পরিসরের ওই মূল্যায়নে গুরুত্বপূর্ণ অঙ্গসংগঠনগুলো রাজপথে কার্যকর ও প্রত্যাশিত ভূমিকা না রাখায় সরকারবিরোধী আন্দোলনে চূড়ান্ত সাফল্য আসেনি বলে মনে করে দল। এমন মূল্যায়নের ভিত্তিতে অঙ্গসংগঠনের কমিটি ভেঙে দেয়াসহ বেশ কয়েকটি সিদ্ধান্ত নেয়া হয়। সেই সিদ্ধান্তের আলোকে গত ১ মার্চ ছাত্রদলের কেন্দ্রীয় কমিটি বিলুপ্ত করে নতুন আংশিক কমিটি গঠন করা হয়। একই সাথে গঠন করা হয় ঢাকা বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রদলের নতুন আংশিক কমিটিও।

খোঁজ নিয়ে জানা গেছে, জাতীয় কাউন্সিল নিয়েও ভাবছে বিএনপি। দীর্ঘ প্রায় আট বছরেও কাউন্সিল হয়নি দেশের অন্যতম বৃহৎ এই রাজনৈতিক দলটির। এমন প্রেক্ষাপটে কাউন্সিল করা উচিত বলে মত আসছে বিএনপিতে। এ নিয়ে স্থায়ী কমিটির মিটিংয়ে একাধিকবার আলোচনাও হয়েছে। সর্বশেষ গত ৪ মার্চ স্থায়ী কমিটির ভার্চুয়াল বৈঠকে কাউন্সিল নিয়ে আলোচনা হয়। তখন হাইকমান্ডের পক্ষ থেকে বলা হয়, আরো আলোচনা করে এ ব্যাপারে সিদ্ধান্ত নেয়া হবে। জানা গেছে, সারা দেশের নেতাকর্মীরা কারামুক্ত এবং রাজনৈতিক পরিস্থিতি আস্তে আস্তে স্বাভাবিক হয়ে আসায় চলতি বছরের শেষ দিকে বিএনপি তাদের সপ্তম জাতীয় কাউন্সিল করতে পারে বলে আভাস পাওয়া গেছে। দলটির নেতারা বলছেন, কাউন্সিল করতে হলে জেলার মেয়াদোত্তীর্ণ কমিটিগুলো নতুন করে করতে হবে, অঙ্গ সংগঠনগুলোও পুনর্গঠন করতে হবে। ঈদের পরে পর্যায়ক্রমে এসব কাজ শুরু হতে পারে বলে জানা গেছে।

কনগ্রেশনাল প্রক্লেমেশনপ্রাপ্ত, এক্সিডেন্ট কেইসেস
ও ইমিগ্রেশন বিষয়ে অভিজ্ঞ যুক্তরাষ্ট্র
সুপ্রিম কোর্টের এটর্নী এট ল'



এটর্নী মঈন চৌধুরী
Moin Choudhury, Esq.
Hon. Democratic District Leader at Large, Queens, NY
মাননীয় ডেমোক্রেটিক ডিস্ট্রিক্ট লিডার এট লার্জ, কুইন্স, নিউইয়র্ক।
সাবেক ট্রাষ্টি বোর্ড সদস্য-বাংলাদেশ সোসাইটি, ইন্‌ক.
917-282-9256
Moin Choudhury, Esq
Email: moinlaw@gmail.com
Moin Choudhury is admitted in the United States Supreme Court and MI State only. Also admitted in the U.S. Court of International Trade located in NYC



Timothy Bompart
Attorney at Law

এক্সিডেন্ট কেইসেস
বিনামূল্যে পরামর্শ
কনস্ট্রাকশন কাজে দূর্ঘটনা
গাড়ী/ বিল্ডিং এ দূর্ঘটনা/ হাসপাতালে
বিকলাঙ্গ শিশুর জন্ম
ফেডারেল ডিজএবিলিটি
(কোন অগ্রিম ফি নেয়া হয় না)
Immigration
(To Schedule Appointment Only)
Call:917-282-9256
E-mail: moinlaw@gmail.com



Moin Choudhury
Attorney at Law

Law offices of Timothy Bompart : 37-11 74 St., Suite 209, Jackson Heights, NY 11372
Manhattan Office By Appointment Only.
Moin Choudhury Law Firm, P.C. 29200 Southfield Rd, Suite # 108, Southfield, MI 48076
Timothy Bompart is admitted in NY only. Moin Choudhury is admitted in MI State only and the U.S Supreme Court.





নর্থ বেঙ্গল ফাউন্ডেশনের ইফতার ও দোয়া মাহফিল অনুষ্ঠিত

নিউইয়র্ক (ইউএনএ): সৌহার্দ-সম্প্রীতি আর ঐক্যের উপর গুরুত্বারোপের মধ্যদিয়ে অনুষ্ঠিত হলো নর্থ বেঙ্গল ফাউন্ডেশন ইনক, ইউএস'র বার্ষিক ইফতার ও দোয়া মাহফিল। গত ১ এপ্রিল সোমবার জ্যামাইকার ইকরা পার্টি হলে এই অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন সংগঠনের ভারপ্রাপ্ত সভাপতি এবিএম মিজানুল হাসান এবং অনুষ্ঠান পরিচালনা করেন সাধারণ সম্পাদক মোজাফফর হোসেন। বিশেষ দোয়া মুনাজাত পরিচালনা করি মৌলানা মোহাম্মদ রফিকুল ইসলাম। এসময় সংগঠনের পক্ষ থেকে সদ্য প্রয়াত বিশিষ্ট পানি বিশেষজ্ঞ ড. সুফিয়ান খন্দকার , সদস্য আল মামুন ও শাহ নওয়াজ সহ নর্থ বেঙ্গলের সকল মৃতব্যক্তিদের জন্য বিশেষ দোয়া করা হয়। এছাড়াও ইফতার মাহফিল আয়োজক কমিটির সকল সদস্যদের পরিচয় করিয়ে দেয়া হয়। খবর ইউএনএ'র।

অনুষ্ঠানের প্রথম পর্বে শুভেচ্ছা বক্তব্য রাখেন ইফতার মাহফিল আয়োজক কমিটির আহবায়ক আজিজুল হক মুন্না, প্রধান সমন্বয়কারী তাসকিনুল হক, সদস্য সচিব রোকনুজ্জামান রুকন, যুগ্ম আহবায়ক মোস্তফা কামাল ও যুগ্ন সদস্য সচিব শফিউল আলম, সমন্বয়কারী মোহাম্মদ জিয়াউর রহমান ও শরিফুল ইসলাম।

দ্বিতীয় পর্বে শুভেচ্ছা বক্তব্য রাখেন সংগঠনের উপদেষ্টা পরিষদের সদস্য জহিরুল হক টুকু ও মাহাবুবুর রহমান, সহ সভপতি আবু তাহের, আজিজুল হক মুন্না, ফরহাদ হোসেন রোজেন ও তাসকিনুল হক, বৃহত্তর রাজশাহী সমিতি ইউএসএ'র সভাপতি মোহাম্মদ মজিব উদ্দিন জেন্টু, রংপুর জেলা সমিতির সভাপতি এবিএম মিজানুর হাসান, রাজশাহী জেলা সমিতির সভাপতি মোহাম্মদ শমসের আলী ও সাধারণ সম্পাদক শরিফুল ইসলাম, নাটোর জেলা এসোসিয়েশন সভাপতি শামীম আহমেদ ও সাধারণ সম্পাদক মিজানুর রহমান, চাঁপাইনবাবগঞ্জ জেলা সমিতির সভাপতি কাউসার আহমাদ ও সাধারণ সম্পাদক ফজলুর রহমান, নওগাঁ জেলা সমিতির সাধারণ সম্পাদক ফজল হাসানুজ্জামান টিপু, ঠাকুরগাঁও জেলা সমিতির সভাপতি মোস্তফা কামাল, নিলফামারী জেলা সমিতির সভাপতি রোকুনজ্জামান রুকন, উল্লাপাড়া সমিতির সাধারণ সম্পাদক শফিউল আলম, লালমনিরহাট জেলা সমিতির সভাপতি মোহর খান, সংগঠনের কার্যনবাহী সদস্য ও নর্থ বেঙ্গল ফাউন্ডেশন সাবেক সিনিয়র সহ সভাপতি মোহাম্মদ রাকিবুজ্জামান খান তনু, বৃহত্তর রাজশাহী সমিতির সাবেক সভাপতি মোতাহার হোসেন এবং শাহানাজ আলম ও এ রাকিব এ আসাদুর রহমান। অনুষ্ঠানে সাবেক সভাপতি ডা. আব্দুল লতিফ তার বক্তব্যে পরামশমুলক ও উত্তরবঙ্গের সকল প্রবাসীদের ঐক্যবদ্ধ থেকে সংগঠনকে শক্তিশালী করার আহ্বান জানান এবং ফাউন্ডেশনের যেকোন প্রয়োজনে তিনি সকল প্রকার সহযোগিতা করবেন বলে আশ্বাস দেন। তিনি বলেন, এই ফাউন্ডেশন উত্তরবঙ্গের সকল প্রবাসীর সংগঠন।

অনুষ্ঠানের অন্যান্য বক্তারা ফাউন্ডেশনের পক্ষ থেকে ইফতার মাহফিলের সুন্দর আয়োজনের প্রশংসা করেন এবং সংগঠনের যেকোন প্রয়োজনে পাশে থাকার প্রতিশ্রুতি দেন এবং ফাউন্ডেশনকে আরো শক্তিশালী করতে গঠনমূলক পরামশ রাখেন।

বিরূপ প্রকৃতির মধ্যেও ফাউন্ডেশনের কার্যকরী কমিটির অন্যান্য কর্মকর্তদের মধ্যে আব্দুল কুদ্দুস, গোলাম রাব্বানী, সামিউল হক, জুয়েল, রাজু আহমেদ, বিপুল সরকার ও ইসমাইল হোসেন ছাড়াও উত্তরবঙ্গের বিপুল সংখ্যক প্রবাসী বাংলাদেশী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

উল্লেখ্য, দেশের উত্তর বঙ্গের ১৬টি জেলা সংগঠনের সমন্বয়ে 'নর্থ বেঙ্গল ফাউন্ডেশন ইনক, ইউএসএ' গঠিত। সংগঠনের সভাপতি ডা. চৌধুরী সারোয়ারুল হাসান ও প্রতিষ্ঠাতা সভাপতি হাসানুজ্জামান হাসান নিউইয়কের বাহিরে থাকায় ইফতার ও দোয়া মাহফিলে উপস্থিত হতে পারেনি বলে দুঃখ প্রকাশ করেন। তবে তারা সাধারণ সম্পাদকে সাথে যোগাযোগ করে যাতে অনুষ্ঠান ভাল হয় তার পরামশ ও সাবিক সহযোগিতার আশ্বাস দেন বলে জানা গেছে।

সবশেষে সাধারণ সম্পাদক মোজাফফর হোসেনের ধন্যবাদ জ্ঞাপন সূচক বক্তব্য ও ভারপ্রাপ্ত সভাপতি এবিএম মিজানুল হাসান কাযকরী কমিটি, আহবায়ক কমিটি উপদেষ্টা, জেলা কমিটি সভাপতি, সাধারন সম্পাদক, অতিথিবৃন্দ ও নথবেঙ্গলবাসী সবার প্রতি কৃতজ্ঞতা জ্ঞাপনের মধ্যদিয়ে অনুষ্ঠানের সমাপ্তি ঘটে।

হোমিও চিকিৎসা



এস.কে.শর্মা
D.H.M.S (B.D) N.H.C (USA)
Homeopathic Specialist

আপনি কি যে কোন জটিল কঠিন ও পুরাতন রোগে ভুগছেন, তাহলে একবার হোমিওপ্যাথিক ঔষধ ব্যবহার করে দেখুন।
আমাদের এইখানে সম্পূর্ন গোপনীয়তা রক্ষা করা হয়।

*Migraine *বাত *হাঁপানি পীড়া *আঁচিল * অর্শ *টিউমার *Kidney Stone *অন্ডকোষের পীড়া *কর্ণের পীড়া *কাশি *কিডনীর পীড়া *চর্ম্ম পীড়া * টনসিলাইটিস *দন্তের পীড়া *ধবল বা শ্বেতী রোগ *নখের পীড়া *পক্ষাঘাত *Gall Bladder Stone *প্রস্রাবের পীড়া * প্রষ্টেট- গ্ল্যান্ডের পীড়া *Fatty Liver * ফুসফুসের পীড়া *ব্লাড-প্রেসার *ভগন্দর * মাথা ব্যাথা * লিভারের পীড়া *সায়েটিকা *সিষ্টাইটিস *স্বরভংগ *নাকে পলিপাস *হার্নিয়া *Blood Cholesterol *চুল পড়া *Fatty Heart *ব্রন *একজিমা * শোথ * টাক রোগ * রক্ত প্রস্রাব * জন্ডিস * অনিদ্রা *গ্র্যাষ্টিক *নিদ্রায় নাক ডাকা * পায়ের তলায় কড়া * মুখে দুর্গন্ধ * স্বপ্ন দোষ * হস্তমৈথুন শোক দুঃখ জনিত পীড়া ইত্যাদি।

শিশুদের:-শিশু দাঁত উঠিতে হাঁটিতে ও কথা বলিতে বিলম্ব, শিশুর একশিরা, শিশুর কোষ্ঠবদ্ধতা, শিশুর মুখদিয়া লালা পড়া, Autism, Autistic, শিশু না খাইতে চাওয়া (Appetite Problems)

আপনি কি যৌন সমস্যায় ভুগছেন
*premature Ejaculation *Low Libido * Impotence
*পুরুষত্বহীনতা * শীঘ্রপতন *লিঙ্গ শিথিলতা

আমরা আমেরিকার যে কোন স্টেটে ডাকযোগে ঔষধ পাঠিয়ে থাকি।

স্বল্প খরচে অল্প সময়ে অত্যাধুনিক পদ্বতিতে, আমেরিকান ঔষধের সাহায্যে চিকিৎসা করা হয়।

Homeopathy & Herbal
72-08 Broadway, Jackson Heights, NY 11372
Cell: 917-285-4804
BUSINESS HOURS: MONDAY-SATURDAY 11:30AM-8PM, SUNDAY CLOSED

ALL YOUR NEED REAL ESTATE BUYING & SELLING.



Tusher Bhuiyan
Licensed Real Estate Agent

▼ বাড়ী ক্রয়-বিক্রয় ব্যাপারে সব রকমের সহযোগিতা করে থাকি!
▼ অল্প ডাউন পেমেন্টে আপনিও বাড়ীর মালিক হতে পারেন!

Century 21
Tri-Boro Terrace Realty
31-08, Astoria Boulevard,
Astoria, New York, NY 11102
Business: (718) 721-2700, Ext. 19
Fax: (718) 721-7033
Cellular: (646) 732-9150
E-Mail: tusherb@aol.com

Each Office is Independently Owned and Operate

ফার্মেসী PHARMACY & SURGICAL STORE

Free Diabetic machine
সীমিত সময়ের জন্য 15% Off
Vitamins, Nutrition & Homeopathic

একই সাথে এখানে পাচ্ছেন ◆ ঔষধপত্র, মেডিক্যাল ও সার্জিক্যাল যন্ত্রপাতি। ◆ বিউটি এবং কসমেটিক্স। ◆ ইলেকট্রনিক্স, গৃহস্থালী মণিহারী, খেলনা সামগ্রী ও স্কুল সাপ্লাই।
আমরা ২৫ বছরের বেশি সময় ধরে নিষ্ঠার সাথে কমিউনিটিকে সেবা দিয়ে আসছি। সুতরাং আজই আসুন আপনার সুবিধামত অবস্থানে।
আমরা Medicade, Medicare Part D, Worker compensation সহ ইন্স্যুরেন্স প্লান গ্রহণ করি।

ASTORIA PHARMACY
30-14 30th Ave. Astoria, NY 11102
Ph: 718-278-3772
e-mail: rph@astoriapharmacy.com
www.astoriapharmacy.com

JACKSON HEIGHTS PHARMACY
71-34 Roosevelt Ave. Jackson Heights, NY 11372
Ph: 718-779-1444
e-mail: rph@jacksonheightspharmacy.com
www.jacksonheightspharmacy.com

LONG ISLAND CITY CHEMISTS
30-12 36th Ave. Long Island City, NY 11106
Ph: 718-392-8049
e-mail: licchem@yahoo.com
www.drugcabinet.com

OPEN
10 am - 10 pm
Monday to Friday
Saturday
10 am - 5 pm



এই আমাদের প্রিয় স্বাধীনতা
নাসির আহমেদ

সাত বছরের ছোট্ট শিশুটি হঠাৎ জানতে চায়-
স্বাধীনতা মানে কী?

শিশুর প্রশ্নে চমকে উঠেছি!
কী বলবো ওকে, বোঝাবো কী করে!
আমি ওকে নীল আকাশের দিকে তাকিয়ে দেখতে বলি
এক ঝাঁক পাখির উড়াল ।
কিছুই না বুঝে আবারো একই প্রশ্ন সে করে!

দেয়ালে টাঙানো সাতই মার্চের বিশাল ছবিটি জনসমুদ্রে বঙ্গবন্ধু,
আকাশের দিকে প্রসারিত তর্জনী!
বলি তাকে- দেখো, স্বাধীনতা হলো এই!

অবাক তাকিয়ে শিশুটি বললো, এই ছবিটা তো জাতির পিতার!
নিরুপায় হয়ে বলি ওকে, এই জাতির পিতাই আমাদের স্বাধীনতা ।

ভাঁজকরা লাল-সবুজ পতাকা খুলে ওর হাতে দিয়ে বলি দেখো,
অ্যালবাম থেকে ছবি বের করে দেখাই মুক্তিযোদ্ধারা কাঁধে
রাইফেল নিয়ে চলেছেন দল বেঁধে ...
বলি ওকে- এই সব মিলে প্রিয় এই স্বাধীনতা!

ওই যে ছবিটি দেখছো বিশাল রেসকোর্স মাঠে
পাকি হানাদার বাহিনীর মাথা নত, পরাজিত ।
এর সবকিছু হয়েছে জাতির পিতার জন্য, তাই
জাতির পিতাই আমাদের প্রাণপ্রিয় স্বাধীনতা । স্বাধীন বাংলাদেশ ।

তৃপ্তির হাসি হাসলো শিশুটি ।

যে আমার স্বর
শাহীন রেজা

যে আমার স্বর
থাক, তার কণ্ঠ পড়ে থাক
ছায়ারা উড়বে যেন চিল
কথায় কথায়; কবিতায়
ভ্রমরের সুর

কষ্টময় জোনাকেরা
হোক, দিকভ্রান্ত হোক
একদিন অন্ধকার মেলবে ডানা
তার নীচে এক অন্ধ হোমার
কেবলি চোখের ডালা
খুলে তার মেটাবে জ্বালা

যে আমার ঘর
হয়ে যাক পর
দুপুর ছোঁয়ায় কোজাগরী রাত
না ডাকুক সংঘাত

আমার প্রতিটি দিন
নত হোক নত হোক
বাড়ুক কাজল রাত আর
বেহাগের ঋণ ।

অশ্রু
ফারুক মাহমুদ

অতি চেনা, অর্ধচেনা, সদ্যচেনা হোক
নিঃশব্দ চোখর জল বিস্তারিত হয়
পার্শ্ববর্তী চোখে

স্থান-পাত্র ভিন্ন বটে, বলা হয় 'পানি' কিংবা 'জল'
যখন সে চক্ষু থেকে ঝরে
'আদরে-সোহাগে' ওকে 'অশ্রু' নামে ডাকি

যতই গভীরে হোক, সাগরের তলদেশ থাকে
মাপজোখে চক্ষু কিন্তু পরিসীমাহীন

ভূমন্ডলে ছোট-বড় যতকিছু জলস্থান আছে
যেকোনো অশ্রুর পাশে স্থবির ও শীর্ণ মনে হয়

সিন্ডিকেট
আলম মাহবুব

সামনে তেমন স্পষ্ট কিছু দেখা যাচ্ছে না
অথচ আন্দাজে অন্ধের হাতি দেখা দেখছে সবাই
আকাশের সব মেঘ ডুবে গেছে ইথারে
সিন্ডিকেটের কব্জায় ঝুলছে দেয়ালের ছবিগুলো ।

এখানে বটবৃক্ষ ছিল
সুবাতাস ছড়িয়ে এখন পাখিগুলো সব হুলো হয়েছে
কৃত্রিম সঙ্কটে কোথাও নদীরা গাইছে না
জলের ঢেউয়ে প্রেমসঙ্গীত ।

যাপনের শিল্পকে যারা বিকৃতভাষ্যে দেখিয়ে ছিল
ধূসর পাথরে ছাওয়া মেপল পাতার উৎসবে
ট্র্যাফিক জ্যামে জেলির হলুদ রঙ লেগেছে পাক্কা
নিরাপত্তা পরিষদের অধিবেশনে থামছে না ভাষণ
বানরেরা পিঠার ভাগ খেয়ে পেট মোটা খবিস খাটাস ।

কমে যাচ্ছে পৃথিবীর অক্সিজেন
সিজোফ্রেনিয়ায় ভুগছে জাতিগত উপলব্ধি
চাঁদটা যদি ধ্বসে পড়ে পুকুরের ঘাটে
আপ্লুত হবার কিছু নেই- প্রাকৃতিক উল্লাস ছাড়া ।
নিসিন্দার ছায়া পকেটে পুরে শান্তির দুপুর চলে যায়
ব্রীজের ওপারে সভ্যতার অপরিণত তদ্ভব রূপে ।

পথ বিভ্রমে
কুমকুম দত্ত

কিছু সুখ উদ্বৃত্ত রেখো রাতজাগা বালিশের পাশে;
দুঃখের চরম দিন সন্নিকটে মহুয়া বাতাস পালাবদল
আরণ্যক চুলে রাত বিদিশা সুসজ্জিত
ঠোঁটের উষ্ণতা খুঁজে প্রবঞ্চ প্রিয়মুখ চাঁদের আড়ালে

বিরহযাপন শেষে মর্মর রূপ ঝরাপাতা বসন্তের ধ্বনি
মৌনতা ভেঙে উড়ে যায় ভ্রমর আলোর ভূগোল;
হরিণী ছায়া পথ বিভ্রমে রাত রতিনিদ্রা চতুর শিকারী
আঁধার শূন্যতায় মহাসমারোহে পুড়ছে আগুনে ।

ভেটোর ছোবল
দুখু বাঙাল

একজন যুদ্ধংদেহী নেতানিয়াহুর শতাব্দীর নিষ্ঠুর বুটের তলায় যখন একফোঁটা
গাজা পৃথিবীর মানচিত্রের সমান ক্ষত লয়ে আর্তনাদ করে, তখন মনে হতে
থাকে– মানুষ নামের সংজ্ঞাটিই বদলে গেল বুঝি ।

আত্মরক্ষার একপেশে বয়ানপ্রদানকারী বৃদ্ধ প্রেসিডেন্ট যখন দখলদারিত্বসহ
ইসরায়েলের সকল দুষ্কর্মের অন্ধ সমর্থক হয়ে ওঠেন, তখন মনে হতে
থাকে– মানুষ নামের সংজ্ঞাটিই বদলে গেল বুঝি ।

এক তরুণ সৈনিক যখন গাজা গণহত্যার প্রতিবাদে নিজ গায়ে আগুন ধরিয়ে দিয়ে
আত্মত্যাগে শামিল হন, তখন মনে হতে থাকে– মানুষ নামের সংজ্ঞাটি
সামান্যের জন্য বেঁচে গেল বুঝি ছিন্ন করে ভেটোর ছোবল ।

আল-শেফা হাসপাতাল
শেখর ভট্টাচার্য

শুভ্র মেঘের মতো এপ্রোন পরা সেবিকা,
পবিত্র মুখাবয়ব, নিস্পাপ চোখ, পলকহীন দৃষ্টি,
আল-শিফা হাসপাতালের মেঝে থেকে
কুড়িয়ে নেন বর্ণহীন ফুল ।
বৃন্তচ্যুত, গন্ধ শূন্য ফুলের নিষ্প্রাণ চাহনি
সভ্যতার দালানে কাঁপন ধরায়,
দেবলোক হারানোর ভয়ে অভিশপ্ত ক্রনোস
ক্রোধের জ্বালামুখ খুলে দেয় ।
অগ্নুৎপাতে পুড়ে যায় ফুলের বাগান
স্কুল ব্যাগে রাখা মায়ের গন্ধ মাখা রুমাল,
দগ্ধ ফুল পুড়ে পুড়ে স্থিত হয় চোখের দৃষ্টি,
ঠোঁটের কোণে জমা হয় স্মিত হাসির মতো ঘৃণা ।
মুক্ত ছন্দে অবিরাম শোনা যায়
আকাশ কাঁপানো ক্রোনাসের হাসি
সে হাসিতে ঢেকে যায় সকল আর্তনাদ ।
পৃথিবী সমর্পিত হয় সিংহাসনের পায়ের নিচে ।
সাইক্লোন কিংবা টাইফুনের মতো
বয়ে যায় ক্রনোসের হাসি,
ধারালো ছুরি, এফ-১৬ বিমানের মতো
খোঁজে ফেরে উদ্ধত চোখের চাহনি ।
নিদ্রাহীন রাত শেষ হয়না ঘাতকের

লক্ষ্যবস্তু : থামলে তত্ত্ব অকার্যকর
আবু আফজাল সালেহ

সে জেগে ওঠে
স্বর্গ ও পৃথিবীর মধ্যে
আমার একটি স্বপ্ন আছে
আমি তার মুখোমুখি দাঁড়াই ।

শত্রু ভেবেই আমি দৌড়াতে শুরু করি
আমি যখন থেমে পিছনে তাকায়
তখন সে হাসে
বলে, তুমি হরিণ, আমি বাঘ
তুমি পিছনে তাকাও
আমি পিছনে তাকায় না ।

'এক লাফে হরিণের তেইশ হাত
বাঘের বাইশ হাত'
লক্ষ্যপথে থামলে এ-তত্ত্ব অকার্যকর!

Flight
LOWEST PRICE CHALLENGE
GLOBAL
NY 1 TRAVELS, INC
MIRZA M ZAMAN
আন্তর্জাতিক ও আভ্যন্তরীন
ফ্লাইটের টিকেট
সুলভ মূল্যে ক্রয় করুন
বাংলাদেশের ফ্লাইটের টিকেটে
রয়েছে বিশেষ ছাড় !!!
37-18 74th Street, Suite # 202, Jackson Heights, NY 11372
Tel: 646-750-0632
E-mail: globalnytravels@gmail.com

BD CARGO SERVICES
বি.ডি কার্গো সার্ভিস
আমাদের সেবা সমুহ:
আমেরিকা টু বাংলাদেশ
বাংলাদেশ টু আমেরিকা
যে কোন পরিমানের মালামাল
(সর্বোচ্চ ২৩কেজি/ ৫০পাউন্ড)
দ্রুতসময়ে মালামাল প্রেরন
স্বল্প খরচে পার্সেল পাঠানো হয়
ফ্রি প্যাকেজিং
ডোর টু ডোর সার্ভিস,
City Delivery
World Wide
Fast Delivery
USA Location :
Office & warehouse
150-43,Shore Avenue,
Jamaica,
NY-11433
+1 516-983-7381
Bangladesh Location :
Contact: MD.Mehedi Hasan
House:08 Road -03
Sector:01, Uttara
Dhaka: 1230
Phone:+88 01738057551
Contact Info
+1 347-279-3120 • +1 516-983-7370
bdcargocorp@gmail.com

Khalil Biryani House
খলিলের
খাবার দিয়ে আপনার
অনুষ্ঠান হয়ে উঠুক
জমজমাট
সম্পূর্ণ স্বাস্থসম্মত উপায়ে প্রস্তুত
2062 McGraw Ave
Bronx, NY 10462
Phone: 347-621-2884
1457 Unionport Rd.
Bronx, NY 10462
Phone: 718-409-6840
www.KHALILSFOOD.com

PEOPLE TECH
DevOps
Scrum Master
& Product Owner
[100% Scholarship for Training & Job Placement. Condition applied]
Saturday & Sunday
9:00 AM To 2:00 PM Starting from
NOV 02 2019
Saturday & Sunday
2:30 PM To 7:30 PM Starting from
NOV 02 2019
Software Testing [QA] Training & Job Placement
New York In Class Batches
Weekend Morning
9:00 AM To 2:00 PM
Selenium Starting from
October 19, 2019
Weekdays Evening
6:00 PM To 11:00 PM
Selenium Starting from
October 22, 2019
VA In Class Batches
Weekend Morning
9:00 AM To 2:00 PM
Selenium Starting from
November 16, 2019
Weekdays Evening
6:00 PM To 11:00 PM
Selenium Starting from
November 26, 2019
www.piit.us











আইন প্রণেতাসহ কমিউনিটির

(শেষের পাতার পর)

শুক্রবার (৫ এপ্রিল) বিকেলে নিউইয়র্কের লং আইল্যান্ড সিটিতে অবস্থিত মিডিয়া দুটির বার্তা কক্ষে বসেছিলো এই মিলনমেলা। অনুষ্ঠানে মূলধারার আইন প্রণেতাদের মধ্যে উপস্থিত ছিলেন নিউইয়র্ক স্টেট সিনেটর জন সি ল্যু, সিনেটর লুইস আর সেপুলভেদা ও সিনেটর লেরয় কমরি। অনুষ্ঠানে বাংলা পত্রিকা সম্পাদক ও টাইম টেলিভিশনের সিইও আবু তাহের এবং টাইম টিভির অন্যতম পরিচালক সৈয়দ ইলিয়াস খসরু অতিথিদের স্বাগত জানান। এসময় বিশিষ্ট ব্যক্তিদের মধ্যে এটর্ণি মীর মিজানুর রহমান, ডা. মনজুর মোর্শেদ, আল কুরআন দাওয়া সেন্টারের চেয়ারম্যান প্রফেসর ড. রুহুল আমিন, বিশিষ্ট সাংবাদিক ও লেখক সাঈদ তারেক, নিউইয়র্ক বাংলাদেশ প্রেসক্লাবের সহ সভাপতি শেখ সিরাজুল ইসলাম, একাউন্টেন্ট মিয়া মোহাম্মদ আফজাল, ইনকাম ট্যাক্স পেশাজীবী প্রফেসর এহতেশামুল হক, সাংবাদিক মনির হায়দার, কমিউনিটি অ্যাক্টিভিস্ট সৈয়দ আল আমীন রাসেল, জ্যামাইকা বাংলাদেশ ফ্রেন্ডস সোসাইটির প্রতিষ্ঠাতা ও সভাপতি ফখরুল ইসলাম দেলোয়ার ও সাধারণ সম্পাদক জে মোল্লা সানী, রিয়েল এস্টেট ব্যবসায়ী মিজানুর রহমান, বিশিষ্ট ব্যবসায়ী মোহাম্মদ কামরুল ইসলাম সনি, বিলাল চৌধুরী, শিক্ষাবীদ আজিজুল হক, এস্টোরিয়া ওয়েলফেয়ার সোসাইটি ইউএসএ'র সাধারণ সম্পাদক মোহাম্মদ জাবেদ উদ্দিন, শেলি জামান, নেলী ইসলাম, সঙ্গীত শিল্পী চন্দ্রা রায় প্রমুখ উপস্থিত ছিলেন। এছাড়াও বাংলা পত্রিকা ও টাইম টিভি পরিবারের বর্তমান ও সাবেক কর্মকর্তা/সদস্যদের মধ্যে অনেকেই উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানে অতিথি বক্তারা উত্তর আমেরিকায় কমিউনিটি বিনির্মাণে বাংলা পত্রিকা ও টাইম টেলিভিশিন-এর ভূমিকার ভূয়ষী প্রশংসা করে বলেন, মিডিয়া প্রকাশ আর সম্প্রচার সহজ কাজ নয়, এটি একটি কঠিন কাজ এবং দায়িত্বশীল পেশা। বাংলা পত্রিকা আর টাইম টেলিভিশন সেই কঠিন ও দায়িত্বশীল কাজ করে কমিউনিটির সাথে মূলধারার সাথে যোগসূত্র অব্যাহত রেখে চলেছে। বক্তারা অতীতের মতো আগামী দিনেও মিডিয়া দুটির পাশে থাকার প্রতিশ্রুতি ব্যক্ত করেন।

অনুষ্ঠানে আল কুরআন দাওয়া সেন্টারের পক্ষ থেকে ষ্টেট সিনেটরদের পবিত্র কোরআন শরীফের ইংরেজী অনুবাদের কপি উপহার দেয়া হয়।

খোলা মাঠে পবিত্র ঈদুল ফিতরের জামাত

ঈদ মোবারক

HOLY EID-UL-FITR JAMAAT

চাঁদ দেখা সাপেক্ষে
০৯ এপ্রিল মঙ্গলবার, ২০২৪
অথবা
১০ এপ্রিল বুধবার, ২০২৪

April 09/10, 2024
Tuesday/Wednesday
Depends on Moon Sighting

সময় : সকাল ৮.৩০ মিনিটে
Time: 8.30 AM
Place : 36 Street, Between
36-37th Ave, Astoria, NY 11106

আবহাওয়া খারাপ হলে মসজিদের ভেতরে ৩টি জামাত অনুষ্ঠিত হবে
If weather is bad, 3 Jamaats will be held in the masjid

প্রথম জামাত : সকাল ৭.০০ টায়
দ্বিতীয় জামাত : সকাল ৮.০০ টায়
তৃতীয় জামাত : সকাল ৯.০০ টায়

মহিলাদেরও নামাজের ব্যবস্থা থাকবে
Sisters are welcome

তৃতীয় জামাতে মাহিলা অংশগ্রহণ করতে পারবেন
Sisters are welcome only 3th Jamat

Please come to the Eid Jamat with Prayer rug
অনুগ্রহপূর্বক জায়নামাজ সাথে নিয়ে ঈদ জামাতে আসবেন

AL AMIN JAME-E MASJID & ISLAMIC CENTER
Please Contact: 917-915-8023, 917-587-5757, 718-715-9245

FREE PARKING ONSITE

VALID FROM 03/18/2024 TO 03/31/2024

AFTAB SUPER MARKET

WHERE QUALITY MATTERS

144-01 Hillside Ave, Jamaica, NY 11435

Tel: 718-301-8510

EBT

RAMADAN KAREEM SALE

WE SELL ONLY 100% HMS CERTIFIED HALAL BEEF, GOAT, LAMB AND CHICKEN. ALWAYS FRESH MEAT, NEVER FROZEN

BEEF- $3.79/LB	WHOLE CHICKEN- $2.49/LB	CHICKEN LEGS
 BUY 10 LBS OR MORE, GET 1 DOZEN OF MEDIUM GRADE 'A' EGG FREE	 BUY 5, GET 1 CHICKEN LEG TRAY FREE	 BUY 5 TRAYS OR MORE, GET 1 TRAY FREE

HILSA 10/12	MRIGAL 3KG	ROHU 3KG	ROHU 4KG	GOLDA	SHRIMP
$18 EACH	$20 EACH	$12 EACH	$2.20/LB	$14.99 2 LBS	$8.99 PACK 31/40 EZP 2 LBS

PRAN MURI	PRAN MANGO JUICE	KALA CHANA	KABULI CHANA	SPLIT DAAL	MEERA BESAN
4 FOR $5	3 FOR $4	2 FOR $7 4 LBS	$5.49 EACH 4 LBS	2 FOR $7 4 LBS	$2.99 EACH 2 LBS

ATTA/MAIDA	ORCHID DATES	ROOH AFZA	HALEEM MIX	SHAN	RADHUNI
2 FOR $6 2 KG	$24.99 MEDJOOL DATES 4 LB	2 FOR $5	3 FOR $4 200 GM	3 FOR $5 UPTO 50GM	3 FOR $4 UPTO 100GM

TEA-400GM	GHEE	RAJDHANI MUSTARD OIL	OLIO VILLA	SALT	SUGAR
2 FOR $7	$10.99 EACH 450 GM	$12.99 EACH 5 LTR	$13.99 EACH 1 GAL	3 FOR $4	$3.99 EACH 4 LBS

KIRBI	CHILI	TOMATO	ONION	EGGPLANT	REG. CELANTRO
.99C /LB	$1.99 LB	.49C /LB	$2.99 EACH 10 LBS	.99C LB	3 FOR $1

MED. EGGS	MILK	DELTA	ABDULLAH	KRISHOK	RICELAND
2 FOR $5 GRADE A	$2.99 EACH 1 GAL	$32.99 EACH 50 LBS	$12.99 EACH 20 LBS	$19.99 EACH 20 LBS	$24.99 EACH 50 LBS

প্রতি শনিবার ও রবিবার/ EVERY SATURDAY AND SUNDAY

AFTAB SUPER MARKET

WHERE QUALITY MATTERS
144-01 Hillside Ave, Jamaica, NY 11435
Tel: 718-301-8510

FREE PARKING

VALID ONLY ON 03/30/2024 and 03/31/2024

মাছ মেলা FISH FAIR মাছ মেলা

আপনার বন্ধু এবং পরিবার আপনার সাথে আনুন,সস্তায় মাছ কিনুন

HILSA 10/12 — $17 EACH

MRIGAL 3KG — $18 EACH

ROHU 3KG — $10 EACH

SHORPUTI- 1.5KG — $10 EACH

PANGASH 1KG — $8 EACH

KATLA 3KG — $17 EACH

ROHU 4KG/2.20 LB | ROHU 5KG/2.30 LB | ROHU 6KG/3.19 LB 7KG/3.79/LB | MRIGAL 4KG/2.99 LB | MRIGAL 5KG/3.29LB

MRIGAL 6KG/3.89lb | MRIGAL 7KG/4.99 lb | KATLA 5KG/2.39 LB | KATLA 6KG/2.59 LB | KATLA 8KG/2.75 LB

KATLA 9KG/2.99 LB | 800-1000gm/$13/EACH | 10-12/$17 Each | HILSA 12-15/ $9.99LB | 15/20/$14.99/lb

HILSA | HILSA | HILSA LARGE, 1.5 to 2kg

CHITOL 4KG/3.99 LB | PANGASH 2KG/2.99lb | KORAL 1KG/3.49 lb, 3KG/3.99lb | TELAPIA 2.79/LB | KARFU 2.79/LB

POMFRET 3.49/LB | TELAPIA FILLET 3.49/LB

DON'T FORGET TO STOCK UP FOR RAMADAN

ALL BLOCK FISH ON SALE
10% OFF

GOLDA 12 PCS 14.99 | DESHI KOI, 1KG 8.99 | 31/40 EZP/2lb $8.99/PACK | 31/40 PDT/2lb $9.99/PACK

RELATED ITEMS ON SALE

DRY KESKI OR DRY ANCHOVI 3 for $10 (UNIVERSAL, 200 grams, UNIVERSAL)

PUTI 2 for $10 (400 grams)

MOLA 2 for $10 (400 GRAMS)

KESKI 2 for $8 (400 GRAMS)

WE ALSO DISTRIBUTE 100% FRESH, HMS CERTIFIED HALAL BEEF, GOAT AND CHICKEN TO NEW YORK GROCERIES

FREE PARKING

IF IT'S A FISH, IT'S ON SALE

Eid Mubarak

সবাইকে ঈদুল ফিতরের শুভেচ্ছা। ঈদ মোবারক



GIASH AHMED

প্রেসিডেন্ট

জ্যাকসন হাইটস বাংলাদেশি বিজনেস এসোসিয়েশন, জেবিবিএ

FORMER SENATOR CANDIDATE

New York State Senate, District 13, Queens

MEMBER

National Executive Committee BNP

FORMER PRESIDENT

America Bangladesh Chamber of Commerce

CHAIRMAN / CEO

Immigrant Elder Home Care. LLC

MEMBER

Central Committee of Golden Jubilee of Bangladesh Independence

Office : 37-05 74 St. 2nd Floor, Jackson Heights, NY 11372. Contact: 917-744-7308

ঈদ মোবারক

খোলা মাঠে

Eid Mubarak

ঈদুল ফিতরের বিশাল জামায়াত ২০২৪

স্থান: ম্যাকডোনাল্ড এভিনিউ

(বিটুইন চার্চ এভিনিউ এবং এভিনিউ সি)

০৯ এপ্রিল মঙ্গলবার / ১০ এপ্রিল বুধবার
(চাঁদ দেখা সাপেক্ষে)

জামায়াতের সময়: সকাল ৮:৩০ মিঃ

প্রতিকূল পরিবেশে, মসজিদে সকাল ৬:৪৫ মিঃ থেকে প্রতি ৩০ মিঃ পরপর ৫টি জামায়াত অনুষ্ঠিত হবে।

বায়তুল জান্নাহ জামে মসজিদ কমিটির পক্ষ থেকে সকল ধর্মপ্রাণ মুসলমান ভাইদেরকে উক্ত ঈদুল ফিতর জামা'তে শরীক হওয়ার জন্য আমন্ত্রণ জানানো যাচ্ছে।

হেলাল উদ্দিন
সভাপতি
৯১৭-৬৬০-৪৬৬৮

হাফেজ আশরাফ উল্লাহ
ইমাম ও খতিব
৩৪৭-৬৯৩-৮৬৬৬

মৌলানা দিদারুল আলম
কোষাধ্যক্ষ
৯১৭-৪৯৮-৪৪৬৬

ওমর ফারুক
সেক্রেটারি
৯১৭-৬৮৭-৮৯৮৪

বায়তুল জান্নাহ জামে মসজিদ এন্ড মুসলিম কমিউনিটি সেন্টার, ইনক

BAITUL JANNAH ZAME MASJID & MUSLIM COMMUNITY CENTER, INC.

চিত্রে মেডোব্রুক মর্টগেজ কুইন্স বুলেভার্ড শাখার ইফতার মাহফিল

























যুক্তরাষ্ট্র আ. লীগে তোলপাড়

(প্রথম পাতার পর)

সরকারের নানা অন্যায় কর্মকান্ডের প্রতিবাদে এবং আওয়ামী লীগ সভানেত্রী শেখ হাসিনার মুক্তির দাবীতে যুক্তরাষ্ট্র আওয়ামী লীগ ধারাবাহিক আন্দোলন-সংগ্রাম করেছে। রাজধানী ওয়াশিংটন ডিসি, স্টেট ডিপার্টমেন্ট এবং নিউইয়র্কে জাতিসংঘ সদর দফতরের সামনে একের পর এক কর্মসূচির মাধ্যমে আন্তর্জাতিক সম্প্রদায়ের সামনে বাংলাদেশের সার্বিক চিত্র তুলে ধরেছে যুক্তরাষ্ট্র আওয়ামী লীগ।

ড. মোমেনের বক্তব্যের প্রতিক্রিয়ায় যুক্তরাষ্ট্র আওয়ামী লীগের সভাপতি ড. সিদ্দিকুর রহমান বলেন, আন্দোলন-সংগ্রামের সেই উত্তাল সময়ে ড. মোমেনকে পাওয়া যায়নি। বেশিরভাগ আন্দোলন সংগ্রাম হয়েছে নিউইয়র্ক ভিত্তিক। অথচ সেসময় ড. মোমেন বোস্টনে থাকতেন। মাঝে মাঝে তিনি কিছু কর্মসূচিতে এসে যোগ দিলেও কখনও তিনি নেতৃত্ব পর্যায়ে ছিলেন না। তিনি বলেন, ড. মোমেন পররাষ্ট্রমন্ত্রী থাকাকালেও বিভিন্ন সময় বিতর্কিত মন্তব্য করে সমালোচিত হয়েছেন। এখন মন্ত্রীত্ব হারিয়ে তিনি আরো ভারসাম্য হারিয়ে ফেলেছেন বলে মন্তব্য করেন তিনি।

ড. সিদ্দিকুর রহমান বলেন, ১/১১-এর সময় প্রথম নিউইয়র্কের ব্রুকলীনে স্বেচ্ছাসেবক দলের উদ্যোগে প্রতিবাদ সভা অনুষ্ঠিত হয়। এছাড়াও যুক্তরাষ্ট্র যুবলীগের তৎকালীন সভাপতি মিসবাহ আহমেদ ও সাধারণ সম্পাদক ফরিদ আলমের নেতৃত্বেও প্রতিবাদ সভা অনুষ্ঠিত হয়। এসব সভায় আমি সংগঠনের উপদেষ্টা হিসেবে উপস্থিত ছিলাম। তিনি বলেন, শুধু ১/১১ নয় পদ্মা সেতু সহ দেশের সকল ক্রান্তিলগ্নে যুক্তরাষ্ট্র আওয়ামী লীগ অব্যাহত সভা-সমাবেশ করে দল, দেশ ও নেত্রীর পাশে অবস্থান নিয়েছে।

যুক্তরাষ্ট্র আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আব্দুস সামাদ বলেন, ড. মোমেনের বক্তব্য অবান্তর কথা ছাড়া আর কিছুই নয়। এর চেয়ে বেশী মন্তব্য করার কিছু নেই।

সংগঠনের সহ সভাপতি সামসুদ্দীন আজাদ তার প্রতিক্রিয়ায় বলেন, ড. মোমেন একজন সম্মানিত ব্যক্তি। তিনি জাতিসংঘে বাংলাদেশের স্থায়ী প্রতিনিধি ছিলেন, হাসিনা সরকারের মন্ত্রী ছিলেন। তার মতো মানুষের মুখে যুক্তরাষ্ট্র আওয়ামী লীগ নিয়ে মানায় না। মাননীয় প্রধানমন্ত্রী ও আওয়ামী লীগ সভাপতি শেখ হাসিনা যুক্তরাষ্ট্র আওয়ামী লীগ ও দলে কর্মকান্ড সম্পর্কে সম্পূর্ণ ওয়াকিবহাল। তাই ড. মোমেনের কথায় কিছু যায় আসে না।

উল্লেখ্য, ১/১১ এর সময় যুক্তরাষ্ট্র থেকে বাংলাদশ যাওয়ার সময় আওয়ামী লীগ সভাপতি শেখ হাসিনার সাথে যুক্তরাষ্ট্র আওয়ামী লীগের ৮ জন শীর্ষস্থানীয় নেতা তাঁর সফর সঙ্গী হয়েছিলেন।

মসজিদগুলোতে উপচেপড়া ভীড়

(প্রথম পাতার পর)

কুরআন তিলাওয়াত, জিকির-আসকার, দোয়া, মিলাদ মাহফিল, দান খয়রাত, গরিবদের মাঝে খাবার বিতরণ ও আখেরি মুনাজাত ছিল অন্যতম।

এদিকে জুম্মাতুল বিদা ও পবিত্র শবেকদর উপলক্ষ্যে নিউইয়র্ক সহ উত্তর আমেরিবকার মসজিদগুলোতে মুসল্লীদেরর ঢল পরিলক্ষিত হয়। অনেক মসজিদে একাধিক জামাতের আয়োজন করা হয়। আবার কোথাও কোথাও মসজিদ সংলগ্ন রাস্তার উপরে দাঁড়িয়ে জুম্মার নামাজ আদায় করতে দেখা যায়।

মহান আল্লাহ তায়ালা লাইলাতুল কদরের রাতকে অনন্য মর্যাদা দিয়েছেন। হাজার মাসের ইবাদতের চেয়েও এ রাতের ইবাদত উত্তম। এ রাতে আল্লাহর অশেষ রহমত ও নিয়ামত বর্ষিত হয়। পবিত্র এ রাতে ইবাদত-বন্দেগির মাধ্যমে মহান আল্লাহর নৈকট্য লাভ করা যায়। অর্জন করা যায় তার অসীম রহমত, নাজাত, বরকত ও মাগফিরাত।

পবিত্র রমজান মাসে লাইলাতুল কদরে পবিত্র আল কুরআন নাজিল হয়েছিল। এ রাতে হেরা গুহায় নবী করিম সা:-এর কাছে আল কুরআনের প্রথম সূরার (সূরা আলাক) পাঁচটি আয়াত নাজিল হয়। পবিত্র কুরআনে কদর নামে স্বতন্ত্র একটি সূরাও রয়েছে। 'আমি এটি নাজিল করেছি কদরের রাতে। কদরের রাত সম্পর্কে আপনি জানেন কি? কদরের রাত হাজার মাস থেকে শ্রেষ্ঠ। এ রাতে আল্লাহর নির্দেশে ফেরেশতা ও রুহুল আমিন অবতরণ করে। ফজর উদয় হওয়া পর্যন্ত শান্তি ও নিরাপত্তা বিতরণ অব্যাহত থাকে'। (সূরা আর কদর, আয়াত ১-৫)।

ভারতীয় নারী ৯৯ বছর বয়সে

(প্রথম পাতার পর)

ইউএস সিটিজেনশিপ অ্যান্ড ইমিগ্রেশন সার্ভিসেস ইউএসসিআইএস তার নাগরিকত্ব পাওয়ার বিষয়টি ঘোষণা করেছে। ইউএসসিআইএস এক এক্স বার্তায় জানিয়েছে, 'লোকে বলে বয়স কেবল একটি সংখ্যা। কথাটি এই প্রাণবন্ত ৯৯ বছর বয়সী নারীর ক্ষেত্রে সত্য হলো। ওরল্যান্ডের এই বাসিন্দা যুক্তরাষ্ট্রের নাগরিকত্ব পেয়েছেন। তিনি একজন ভারতীয়। তাকে অভিনন্দন।' ইউএসসিআইএস এই মুহূর্তের একটি ছবিও শেয়ার করেছে। ছবিতে তাকে হাতে নাগরিকত্বের প্রশংসাপত্র নিয়ে হুইল চেয়ারে বসে থাকতে দেখা গেছে। এছাড়াও ছবিতে তার মেয়ে ও শপথ পাঠ করানো অফিসারও রয়েছেন। ইউএসসিআইএস মূলত অভিবাসী ভিসা পিটিশন, ন্যাচারালাইজেশন অ্যাপিকেশান, অ্যাসাইলাম অ্যাপিকেশান ও গ্রিন কার্ড অ্যাপিকেশন নিয়ে কাজ করে থাকে। সংস্থাটি অ-অভিবাসী অস্থায়ী কর্মীদের জন্য পিটিশন পরিচালনা করে যেমন এইচ-১বি ভিসা।

বিজয় থেকে মাত্র এক ধাপ


(প্রথম পাতার পর)

থেকে এক ধাপ দূরে। কিন্তু আমরা যে মূল্য দিয়েছি তা বেদনাদায়ক ও হৃদয়বিদারক।

আন্তর্জাতিক মধ্যস্থতাকারীদের সঙ্গে কায়রোতে যুদ্ধবিরতি আলোচনা পুনরায় শুরু হওয়ার কথা উল্লেখ করে তিনি বলেন, 'জিম্মিদের মুক্ত না করে যুদ্ধবিরতি হবে না। ইসরায়েল চুক্তি করতে প্রস্তুত, ইসরায়েল আত্মসমর্পণ করতে প্রস্তুত নয়।' তিনি আরও বলেন, 'আন্তর্জাতিক মহলের উচিত ইসরায়েলের ওপর চাপ না দিয়ে হামাস ওপর চাপ দেওয়া। তাহলে জিম্মিদের মুক্তি বাস্তবায়িত হওয়ার পথে আগাবে।'

ড্রোন হামলায় ১ এপ্রিল গাজায় আমেরিকান দাতব্য সংস্থা ওয়ার্ল্ড সেন্ট্রাল কিচেনের সাত কর্মী নিহত হওয়ার পর আন্তর্জাতিক ক্ষোভের ঝড়ের মুখে পড়েছে ইসরায়েল।

এদিকে প্রেসিডেন্ট জো বাইডেন গত ৪ এপ্রিল বৃহস্পতিবার নেতানিয়াহুর সঙ্গে ফোনে 'অবিলম্বে যুদ্ধবিরতি'তে যেতে আহবান জানিয়েছেন। পাশাপাশি বেসামরিকের হত্যা হ্রাস ও মানবিক অবস্থার উন্নতির জন্য শর্ত সাপেক্ষে ইসরায়েলের প্রতি আমেরিকান সমর্থন দেওয়ার ইঙ্গিত দিয়েছেন। ইরান 'প্রক্সির মাধ্যমে' ইসরায়েলের বিরুদ্ধে বেশ কয়েকটি হামলা চালিয়েছে অভিযোগ করে নেতানিয়াহু বলেন, 'যেই আমাদের আঘাত করে বা আঘাত করার পরিকল্পনা করুক না কোনো আমরা তাকে আঘাত করব।









আমেরিকা বাংলাদেশ প্রেসক্লাব'র স্বাধীনতা দিবস পালন

'সংবাদকর্মীদের পেশার স্বার্থে ঐক্যবদ্ধ থাকার আহবান'



নিউইয়র্ক: আমেরিকা বাংলাদেশ প্রেসক্লাবের উদ্যোগে বাংলাদেশের মহান স্বাধীনতা দিবস উদযাপন ও ইফতার মাহফিলে আলোচনায় বক্তারা সংবাদকর্মীদের নিজেদের পেশার স্বার্থে ঐক্যবদ্ধ থাকার আহবান জানিয়েছেন। তারা বলেন, সারা বিশ্বেই সাংবাদিকতা পেশা একটি ক্রান্তিকালের মধ্য দিয়ে যাচ্ছে। বাংলাদেশে তো বটেই, বাক-স্বাধীনতার দেশ-এই আমেরিকাতেও সাংবাদিকরা নানা প্রতিকুলতার মধ্যে পড়েছেন। নিউইয়র্কের বাংলা কমিউনিটি সাংবাদিকতাও নানা চ্যালেঞ্জের সম্মুখিন। এই অবস্থায় সাংবাদিকদের মধ্যে ব্যাপক ঐক্যের মাধ্যমে এ সকল চ্যালেঞ্জ মোকাবেলার বিকল্প নেই। গত ২৬ মার্চ মঙ্গলবার জ্যাকসন হাইটসের নবান্ন পার্টি হলে আয়োজিত অনুষ্ঠানে ক্লাবের সদস্য-সদস্যা ছাড়াও সিনিয়র সাংবাদিক এবং কমিউনিটি লিডার এবং অ্যাক্টিভিস্টরা উপস্থিত ছিলেন।

ইফতার মাহফিলে সভাপতিত্ব করেন প্রেসক্লাবের সভাপতি ও সাপ্তাহিক প্রবাস সম্পাদক মোহাম্মদ সাঈদ। অনুষ্ঠান সঞ্চালনা করেন সাধারণ সম্পাদক ও সাপ্তাহিক প্রথম আলো নির্বাহী সম্পাদক মনজুরুল হক। মঞ্চে উপবিষ্ট থেকে বক্তব্য রাখেন বাংলাদেশ সোসাইটির সভাপতি আব্দুর রব মিয়া, বীর মুক্তিযোদ্ধা ড. আবু জাফর মাহমুদ, সাপ্তাহিক নিউইয়র্ক সময়'র সম্পাদক জাকারিয়া মাসুদ, প্রেসক্লাবের সাবেক সভাপতি ও নিউইয়র্ক সময়'র প্রধান সম্পাদক দর্পণ কবীর, সিটি মেয়রের দক্ষিন এশিয়া বিষয়ক এডভাইজার ফাহাদ সোলায়মান, বিশিষ্ট রিয়েলটর নূরুল আজিম, স্মার্ট স্টাফিং'র প্রেসিডেন্ট ও সিইও দুলাল বেহেদু, কমিউনিটি অ্যাক্টিভিস্ট আহসান হাবিব।


